08. He is touching the map. (= সে মানচিত্রটা স্পর্শ করছে।)
09. He is touching the bag. (= সে ব্যাগটা স্পর্শ করছে।)

10. Knives are tools which (= যেগুলো) we use for cutting.
11. Pens are tools which (= যেগুলো) we use for writing.

তিক্ত সত্য

"দেহের এই অংশটা হলো চুল"
- এটা ইংলিশে অনুবাদ করো।
হঠাৎ করে এটা জিজ্ঞেস করলে
দেশের ৯০% ছাত্রই ভুল উত্তর দিবে।
তুমি নিজেই
এটা যাচাই করতে পারো
তোমার বন্ধুদের
জিজ্ঞেস করার মাধ্যমে।
এজন্যই বলছি বাদিকের
বাক্যগুলো অবহেলা
না করে
জোরে জোরে পড়ো!

12. There are 4 chairs in this room. (= 4 *chairs are in this room.*)
13. There are 3 tables in this class. (= 3 *tables are in this class.*)
14. There are 9 students in this class. (= 9 *students are in this class.*)
15. There is a bottle in my bag. (= *A bottle is in my bag.*)
16. There is a pen in my box. (= *A pen is in my box.*)
17. There is a clinic in our town. (= *A clinic is in our town.*)

তৃপ্তিসহ বুঝো

# 12 থেকে **17** পর্যন্ত বাক্য
শুরু হয়েছে There দিয়ে।

এই ধরনের বাক্যে *there* অর্থ কিন্তু "সেখানে" মনে করলে ভুল হবে।

যেমন: # **12**-এর অর্থ "সেখানে আছে চারটা চেয়ার রুমে" মনে করলে ভুল হবে।
বরং বাক্যের # **12**-এর অর্থ
চারটা চেয়ার আছে রুমে = রুমে চারটা চেয়ার আছে।
তার মানে, # **12** থেকে # **17**-এর *there* শব্দের কোনো অর্থ নেই।
এগুলোকে বলে *introductory there* বা প্রারম্ভিক ***there***।
12-এ **4** *chairs* হলো *are*-এর **subject,**
এজন্য ' = ' চিহ্ন দিয়ে ডানে আরেকভাবে লেখা হয়েছে *there* ছাড়া।

গত ১০ বছরে যা ইংলিশ

বলতে-পড়তে-লিখতে শিখেছো,

এই বইয়ের পরামর্শগুলো

ফলো করে

ঠিকমতো *practice* করলে,

মাত্র তিন মাসে তার চেয়ে

অনেক তৃপ্তি ও আত্মবিশ্বাসসহ

অনেক বেশি ইংলিশ

বলতে-পড়তে-লিখতে পারবে,

ইন্‌শাআল্লাহ্‌।

ক্লাস # 04 - B

QUESTION (কোয়েশ্চেন্) - প্রশ্ন; ANSWER (আন্সার্) - উত্তর

এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:

০১.

	প্রশ্ন	উত্তর
ইংরেজি বাক্য	WHAT IS THIS ?	It is a question.
উচ্চারণ	হোয়াট্ ইয্ দিস্ ?	ইট্ ইয্ আ কোয়েশ্চেন্।
পৃথক পৃথক শব্দের অর্থ	কী হয় এটা ?	এটি হয় একটি প্রশ্ন।

উত্তরের সাবলীল বাংলা এটা কী ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা একটা প্রশ্ন।

০২.

প্রশ্ন	উত্তর
WHAT IS THIS ?	It is an answer.
হোয়াট্ ইয্ দিস্ ?	ইট্ ইয্ এন্ আন্সার্।
কী হয় এটা ?	এটি হয় একটি উত্তর ।

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা একটা উত্তর।

০৩. **প্রশ্ন**

IS THIS AN ANSWER ?

ইয্ দিস্ এন্ আন্সার্ ?

হয় কি এটা একটি উত্তর ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কি একটি উত্তর ?

খাতায় বাক্যগুলো ১ বার করে লিখোও !

উত্তর No, it is not an answer, but it is a question.

নোঔ, ইট্ ইয্ নট্ অ্যান্ আনসার্, বাট্ ইট্ ইয্ আ কোয়েশ্চেন্।

না, এটি হয় না একটি উত্তর, কিন্তু এটি হয় একটি প্রশ্ন।

প্রশ্নের সাবলীল বাংলা না, এটি একটি উত্তর না, বরং এটি একটি প্রশ্ন।

প্রশ্ন	উত্তর
Is this a question ?	No, it is not a question, but it is an answer.
Is it your mobile ?	No, it is not my mobile, but it is his mobile.
Is it your book ?	No, it is not my book, but it is her book.

চলো নতুন শব্দ শিখি

Mean (মীইন্) শব্দের অর্থ "অর্থ হওয়া"। **Meaning** (মীনিং) = অর্থ।
যেমন: (1) Red means লাল = রেড অর্থ হলো লাল।
(2) Meaning of 'red' is লাল = red-এর অর্থ হলো লাল।

বাক্য বানানো **practice** করা যাক :

০৪. প্রশ্ন WHAT IS THE MEANING OF THE WORD "USE" IN BANGLA ?

হোয়াট্ ইয্ দা মীনিং অফ্ দা ওয়ার্ড "ইউয্" ইন্ বাংলা ?
কী হয় **অর্থটি** **শব্দটির** "ইউয্" বাংলায়

প্রশ্নের সাবলীল বাংলা — বাংলা ভাষায় "*USE*" শব্দের অর্থ কী ?

উত্তর — The meaning of the word "use" in Bangla is "ব্যবহার করা".

দা মীনিং অফ্ দা ওয়ার্ড "use" ইন্ বাংলা ইয্ "ব্যবহার করা"
অর্থটি **শব্দটির** "use" বাংলায় হয় "ব্যবহার" করা"।

উত্তরের সাবলীল বাংলা — বাংলা ভাষায় "*USE*" শব্দের অর্থ হচ্ছে "ব্যবহার করা"।

০৫. প্রশ্ন WHAT IS THE MEANING OF THE WORD "ACTION" IN BANGLA?

হোয়াট্ ইয্ দা মীনিং অফ্ দা ওয়ার্ড "অ্যাক্শন্" ইন্ বাংলা ?
কী হয় **অর্থটি** **শব্দটির** "অ্যাক্শন্" বাংলায়

প্রশ্নের সাবলীল বাংলা — বাংলায় "*ACTION*" শব্দের অর্থ কী ?

উত্তর — The meaning of the word "action" in Bangla is "কাজ".

দা মীনিং অফ্ দা ওয়ার্ড "action" ইন্ বাংলা ইয্ "কাজ"।
অর্থটি **শব্দের** "action" বাংলা ভাষায় হয় "কাজ"

উত্তরের সাবলীল বাংলা — বাংলায় "*action*" শব্দটির অর্থ হলো "কাজ"।

* **act** (অ্যাক্ট্) শব্দের একটা অর্থ 'কাজ করা'। ***act*** থেকে এসেছে ***action*** (= কাজ)।

* **act** (অ্যাক্ট্) শব্দের আরেকটি অর্থ 'অভিনয় করা'। ***act*** থেকে এসেছে ***actor*** (= অভিনেতা)।

০৬. **প্রশ্ন** WHAT IS THE MEANING OF THE WORD "NOTHING" IN BANGLA

হোয়াট্ ইয্ দা মীনিং অফ্ দা ওয়ার্ড "NOTHING" ইন্ বাংলা ?

কী হয় অর্থটি শব্দের "NOTHING" বাংলায়

প্রশ্নের সাবলীল বাংলা বাংলায় "NOTHING" শব্দটির অর্থ কী?

উত্তর The meaning of the word "nothing" in Bangla is "কিছুই না"।

দা মীনিং অফ্ দা ওয়ার্ড "nothing" ইন্ বাংলা ইয্ "কিছুই না"।

অর্থটি শব্দটির "nothing" বাংলায় হয় "কিছুই না"

উত্তরের সাবলীল বাংলা বাংলায় **"nothing"** শব্দটির অর্থ হচ্ছে "কিছুই না।"

এবার নিচের একই রকম বাক্য বার বার জোরে জোরে পড়ো, মুখের জড়তা দূর হবে !

1. What is the meaning of the word 'open' in Bangla? ('open' শব্দটির অর্থ কী?)

(**A**) The meaning of the word 'open' in Bangla is "খোলা"।

(বাংলায় 'open' শব্দটির অর্থ হচ্ছে "খোলা"।

2. What is the meaning of the word 'close' in Bangla?

(**B**) The meaning of the word 'close' in Bangla is "বন্ধ করা"।

3. What is the meaning of the word 'take' in Bangla?

(**C**) The meaning of the word 'take' in Bangla is "নওয়া"।

4. What is the meaning of the word 'give' in Bangla?

(**D**) The meaning of the word 'give' in Bangla is "দেওয়া"।

5. What is the meaning of the word 'put' in Bangla?

(**E**) The meaning of the word 'put' in Bangla is "রাখা"।

6. What is the meaning of the word 'read' in Bangla?

(**F**) The meaning of the word 'read' in Bangla is "পড়া"।

7. What is the meaning of the word 'write' in Bangla?

(**G**) The meaning of the word 'write' in Bangla is "লেখা"।

1 থেকে **7** এবং **A** থেকে **G** বাক্যগুলো হচ্ছে **simple sentence** কারণ এগুলোর প্রতিটিতে একটা করে ***main verb*** আছে। মেইন্ (ভারব্‌টি) হলো **'is'**

চলো নতুন শব্দ শিখি

NAME (নেইম্) - নাম

Name শব্দটা একটা Noun (বিশেষ্য)

এই নতুন শেখা শব্দ দিয়ে চলো বাক্য বানানো practice করা যাক:

০৭. প্রশ্ন	উত্তর
WHAT IS MY NAME ?	My name is Aminul.
হোয়াট্ ইয্ মাই নেইম্ ?	মাই নেইম্ ইয্ আমিনুল।
কী হয় আমার নাম	আমার নাম হয় আমিনুল।
প্রশ্নের সাবলীল বাংলা: আমার নাম কী ?	উত্তরের সাবলীল বাংলা: আমার নাম আমিনুল।

০৮. প্রশ্ন	উত্তর
WHAT IS YOUR NAME ?	My name is Amin.
হোয়াট্ ইয্ ইওর্ নেইম্ ?	মাই নেইম্ ইয্ আমিন।
কী হয় তোমার নাম ?	আমার নাম হয় আমিন।
প্রশ্নের সাবলীল বাংলা: তোমার নাম কী ?	উত্তরের সাবলীল বাংলা: আমার নাম আমিন।

০৯. প্রশ্ন	উত্তর
WHAT IS HIS NAME ?	His name is Fakrul.
হোয়াট্ ইয্ হিয্ নেইম্ ?	হিয্ নেইম্ ইয্ ফকরুল।
কী হয় তার নাম	তার নাম হয় ফকরুল।
প্রশ্নের সাবলীল বাংলা: তার নাম কী ?	উত্তরের সাবলীল বাংলা: তার নাম ফকরুল।

১০. প্রশ্ন	উত্তর
WHAT IS HER NAME ?	Her name is Asma.
হোয়াট্ ইয্ হার্ নেইম্ ?	হার্ নেইম্ ইয্ আসমা ।
প্রশ্নের সাবলীল বাংলা: তার নাম কী ?	উত্তরের সাবলীল বাংলা: তার নাম আসমা।

এবার নিচের একই রকম বাক্য জোরে জোরে পড়া যাক, মুখের জড়তা দূর হবে।

প্রশ্ন	উত্তর
• What is the name of your father ? (কী নাম তোমার বাবার ?)	▸ Hasan is the name of my father. (হাসান হলো আমার বাবার নাম)
• What is the name of your country ?	▸ Bangladesh is the name of my country.
• What is the name of your brother ?	▸ Russel is the name of my brother.
• What is the name of your sister ?	▸ Ruma is the name of my sister.
• What is the name of this medicine?	▸ Napa is the name of this medicine.

চলো নতুন শব্দ শিখি

HEAD (হেড্) মাথা	**FACE** (ফেইস্) মুখমন্ডল	**CHIN** (চিন্) থুতনি	**MOUTH** (মাউথ্) মুখ	**NOSE** (নোউয্) নাক
EYE (আই) চোখ	**EAR** (ইআর্) কান	**HAIR** (হেয়ার্) চুল	**TONGUE** (ঠাং) জিহ্বা	**NAIL** (নেইল্) নখ্

১১. **প্রশ্ন** WHAT IS THIS ? **উত্তর** It is a head. (এটি একটি মাথা।)

হোয়াট্ ইয্ দিস্ ? ইট্ ইয্ আ হেড্।

কী হয় এটা ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?



৩ বার করে বলো; একবার হলেও লিখো !

প্রশ্ন		উত্তর
01. Is it your *face*	?	► Yes, it is my *face*.
02. What is this	?	► It is my *mouth*.
03. It is your *chin* : is that right	?	► Yes, it is right that it is my *chin*.
04. It is your *mouth* : is that wrong	?	► Yes, it is wrong that it is my *mouth*.
05. Is it right: it is your *nose*	?	► No, it is not right that it is my *nose*, but it is wrong.
06. Is it wrong: it is your *eye*	?	► No, it is not wrong that it is my *eye*, but it is right.
07. Is this his *ear*	?	► No, this is not his *ear*, but this is her *ear*.
08. Is this his *hair*	?	► No, this is not his *hair*, but this is her *hair*.
09. Is this my *tongue*	?	► No, this is not your *tongue*, but this is her *tongue*.
10. Is this your *nail*	?	► No, this is not my *nail*, but this is his *nail*.
11. Is this a *head* or a *mouth*	?	► No, it's neither a *head* nor a *mouth*, but it's a *nose*. (নি:দার্)
12. Is this an *eye* or an *ear*	?	► No, it's neither an *eye* nor an *ear*, but it's a *chin*.

(**Tips**: ইংরেজি বাক্যের বাংলা অর্থ তৃপ্তিমতো বোঝাই হলো আসল ব্যাপার !)

চলো নতুন শব্দ শিখি

REMAINING (রিমেইনিং) - থেকে যাওয়া / রয়ে যাওয়া



এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:

১২.

প্রশ্ন	উত্তর
WHAT AM I DOING ?	You are going to the window.
হোয়াট্ অ্যাম্ আই ডূইং ?	ইউ আর্ গোঔয়িং ঠু দা উইন্‌ডোঔ।
কী আমি করছি ?	তুমি যাচ্ছ জানালার দিকে।
প্রশ্নের সাবলীল বাংলা আমি কী করছি ?	**উত্তরের সাবলীল বাংলা** তুমি জানালার দিকে যাচ্ছ।

১৩.

প্রশ্ন	উত্তর
WHAT AM I DOING ?	You are coming from the window.
হোয়াট্ অ্যাম্ আই ডূইং ?	ইউ্ আর্ খামিং ফ্রম্ দা উইন্‌ডোঔ
কী আমি করছি ?	তুমি আসতেছ জানালা হতে।
প্রশ্নের সাবলীল বাংলা আমি কী করছি ?	**উত্তরের সাবলীল বাংলা** তুমি জানালা হতে আসছ।

১৪. প্রশ্ন

ইংরেজি বাক্যে : ARE YOU GOING TO THE WINDOW ?
উচ্চারণ : আর্ ইউ্ গোঔয়িং ঠু দা উইন্‌ডোঔ ?
আলাদা আলাদা অর্থ : তুমি কি যাচ্ছ জানালার দিকে ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি জানালার দিকে যাচ্ছ ?

উত্তর

No, I **am not** going to the window, but I am remaining on the chair.
নোঔ, আই্ অ্যাম্ নট্ গোঔয়িং, ঠু দা উইন্‌ডোঔ, বাট্ আই অ্যাম্ রিমেইনিং, অন্ দা চেয়ার্।
না, আমি যাচ্ছি না জানালার দিকে, কিন্তু আমি থেকে যাচ্ছি চেয়ারের উপর।

উত্তরের সাবলীল বাংলা না, আমি জানালার দিকে যাচ্ছি না, কিন্তু আমি চেয়ারে রয়ে গিয়েছে।

১৫. **প্রশ্ন**

AM I REMAINING ON THE CHAIR ?

অ্যাম্ আই রিমেইনিং অন্ দা চেয়ার্ ?

আমি কি থেকে যাচ্ছি চেয়ারের উপর ?

বাক্যের ঘটনাগুলো কল্পনায় চিত্রায়িত করো।

প্রশ্নের সাবলীল বাংলা আমি কি চেয়ারে রয়ে গিয়েছি ?

উত্তর

No, **you are not** remaining on the chair, but you are going to the window.

নোঔ, ইউ আর্ নট্ রিমেইনিং অন্ দা চেয়ার্, বাট্ ইউ আর্ গোঔয়িং টু দা উইন্ডোঔ।

না, তুমি থেকে যাচ্ছ না চেয়ারে, কিন্তু তুমি যাচ্ছ জানালার দিকে।

উত্তরের সাবলীল বাংলা না, আপনি চেয়ারে নেই, কিন্তু আপনি যাচ্ছেন জানালার দিকে।

এবার নিচের একই রকম বাক্য **বার বার**
জোরে জোরে পড়ো, মুখের জড়তা দূর হবে !



প্রশ্ন	উত্তর
What am I doing ?	► You are going to the door.
What am I doing ?	► You are coming from the door.
What am I doing ?	► You are remaining on the chair.

Present Continuous টেন্স

প্রশ্ন	উত্তর
Am I remaining on the table ? (আমি কি আছি টেবিলে?)	► No, you are not remaining on the table, (না, তুমি টেবিলে বসে নেই, but you are going to the chair. কিন্তু তুমি যাচ্ছ চেয়ারের দিকে ।)
Are you remaining on the floor ?	► No, I am not remaining on the floor, but I am going to the bed.
Am I going to the school ?	► No, you are not going to the school, but you are remaining on the field.
Are you going to the field ?	► No, I am not going to the field, but I am remaining on the chair.

COUNTRY (খান্ট্রি) - দেশ; **GERMANY** (জার্মানি) - জার্মানি; **ENGLAND** (ইংল্যান্ড) - ইংল্যান্ড

এই নতুন শেখা শব্দ দিয়ে চলো বাক্য বানানো **practice** করা যাক:

১৬. প্রশ্ন

WHAT	IS	THE	NAME	OF	YOUR	COUNTRY	?
হোয়াট্	ইয্	দা	নেইম্	অফ্	ইওর্	খান্ট্রি	?
কী	হয়	নামটি		তোমার দেশের			?

প্রশ্নের সাবলীল বাংলা তোমার দেশের নাম কী ?

উত্তর

Bangladesh	is	the	name	of	my	country.
বাংলাদেশ	ইয্	দা	নেইম্	অফ্	মাই্	খান্ট্রি।
বাংলাদেশ	হয়	নামটি		আমার দেশের।		

বাংলা বাংলাদেশ হলো আমার দেশের নাম ।

১৭. WHAT IS THE NAME OF THE COUNTRY BETWEEN ENGLAND AND GERMANY?

হোয়াট্	ইয্	দা	নেইম্	অফ্	দা	খান্ট্রি	বিঠুইন্	ইংল্যান্ড	অ্যান্ড	জার্মানি	?
কী	হয়	নাম		দেশটির			মধ্যে	ইংল্যান্ড	এবং	জার্মানি	?

প্রশ্নের সাবলীল বাংলা ইংল্যান্ড এবং জার্মানির মধ্যকার দেশের নাম কী?

France	is	the	name	of	the	country	between	England	and	Germany.
ফ্রান্স	হয়	দেশটির নাম					মধ্যে	ইংল্যান্ড	এবং	জার্মানি।

উত্তরের সাবলীল বাংলা জার্মানি এবং ইংল্যান্ড এর মধ্যকার দেশের নাম হলো ফ্রান্স।

একই রকম বাক্য

প্রশ্ন **What is the name of your country?** (তোমার দেশের নাম কী ?)

► Bangladesh is the name of my country. (বাংলাদেশ হলো আমার দেশের নাম?)

প্রশ্ন **What is the name of the country between India and Iran?**

► Pakistan is the name of the country between India and Iran.

প্রশ্ন **What is the name of the country between Mexico and Canada?**

► USA is the name of the country between Mexico and Canada.

Let us learn (চলো আমরা শিখি) new words

TRANSLATE (ট্রান্স্লেইট্) = অনুবাদ করা; **INTO** (ইনটু) **Y** = *Y*-এর মধ্যে = *Y*-এ = *Y*-তে

এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:

১৮. প্রশ্ন WHAT AM I DOING ?
হোয়াট্ অ্যাম্ আই্ ডূইং ?
কী হয় আমি করছি ?

প্রশ্নের সাবলীল বাংলা আমি কী করছি ?

উত্তর You are translating a sentence from English into Bangla.
ইউ **আর্ ট্রান্স্লেইটিং** এ সেন্টেন্স্ **ফ্রম্ ইংলিশ ইনটু বাংলা।**
তুমি অনুবাদ করছ একটি বাক্য ইংরেজি থেকে বাংলায়

উত্তরের সাবলীল বাংলা তুমি ইংরেজি থেকে বাংলায় একটি বাক্য অনুবাদ করছ।

১৯. TRANSLATE THIS SENTENCE.
ট্রান্স্লেইট্ দিস্ সেন্টেন্স্।
অনুবাদ করো এই বাক্য ।

আক্ষরিক বাংলা অনুবাদ করো এই বাক্যটি দয়া করে।

19-এ **You** উহ্য আছে।
You translate
this sentence.

২০. প্রশ্ন WHAT IS HE DOING ?
হোয়াট্ ইয্ হী ডূইং ?
কী হয় সে করছে ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কী করছে ?

উত্তর He is translating a sentence from English into Bangla.
হী ইয্ ট্রান্স্লেইটিং এ সেন্টেন্স্ ফ্রম্ ইংলিশ ইনটু বাংলা।
সে অনুবাদ করছে একটি বাক্য ইংলিশ থেকে বাংলায়।

বাংলা সে অনুবাদ করছে একটি বাক্য ইংলিশ থেকে বাংলায়।

২১. **প্রশ্ন**

TRANSLATE	THIS	SENTENCE,	PLEASE !
ট্রান্সলেইট্	দিস্	সেন্টেন্স্,	প্লীজ্ !
অনুবাদ করো	এই	বাক্য,	দয়া করে !

উত্তর

THE WALL	IS	HIGH.
দা ওয়াল্	ইয্	হাই।
দেয়ালটি	হয়	উঁচু।

আক্ষরিক বাংলা অনুবাদ করুন এই বাক্যটি, দয়া করে!

সাবলীল বাংলা দেয়ালটি উঁচু।

এবার নিচের একই রকম বাক্য বার বার জোরে জোরে পড়ো, মুখের জড়তা দূর হবে !

প্রশ্ন **উত্তর**

01. What are you doing ? ► I am translating a sentence from Bangla into English.
(তুমি কী করছ?) (আমি অনুবাদ করছি একটি বাক্য বাংলা থেকে ইংরেজিতে।)

02. What is she doing ? ► She is translating a sentence from Hindi into Bangla.

03. What are they doing ? ► They are translating a book from Bangla into English.

04. What am I doing ? ► You are translating this book from English into Bangla.

05. What are you doing ? ► I am translating the Qur'an from Arabic into English.

06. **What are you translating?**
► I am translating a sentence from Bangla into English.

07. **What are you doing?**
► I am translating a sentence from Hindi into Arabic.

08. **Why are you translating?**
► I am translating a sentence from Bangla into English to teach my student.

09. **Are you translating a sentence from Bangla into English?**
► No, I am not translating a sentence from Bangla into English,
but I am translating a sentence from English into Bangla.

10. **Am I translating a poem from Bangla into English?**
► No, you are not translating a poem from Bangla into English,
but you are translating a story from Bangla into English.

চলো নতুন শব্দ শিখি

WHO (হু) - কে

২২. **প্রশ্ন**

WHO	AM	I	?
হু	অ্যাম্	আই্	?
কে	হয়	আমি	?

প্রশ্নের সাবলীল বাংলা আমি কে ?

উত্তর

You	are	Mr.	Liton.
ইউ	আর্	মিস্টার্	লিটন।
তুমি / আপনি		জনাব	লিটন।

উত্তরের সাবলীল বাংলা আপনি জনাব লিটন।

২৩. **প্রশ্ন**

WHO	ARE	YOU	?
হু	আর্	ইউ	?
কে	হয়	আপনি	?

প্রশ্নের সাবলীল বাংলা আপনি কে ?

উত্তর

I	am	Mr	Jewel.
আই্	অ্যাম্	মিস্টার্	জুয়েল।
আমি		জনাব	জুয়েল।

উত্তরের সাবলীল বাংলা আমি জুয়েল।

২৪. **প্রশ্ন**

WHO	ARE	THEY	?
হু	আর্	দেই্	?
কে	হয়	তারা	?

প্রশ্নের সাবলীল বাংলা তারা কারা ?

উত্তর

They	are	Mr	Kamal	and	Mrs	Kamal.
দেই্	আর্	মিস্টার্	কামাল	এন্ড	মিসেস	কামাল।
তারা	হয়	জনাব	কামাল	এবং	মিসেস্	কামাল।

সাবলীল বাংলা তারা মিস্টার্ কামাল এবং মিসেস কামাল।

এবার নিচের একই রকম বাক্য বার বার
জোরে জোরে পড়ো, **মুখের জড়তা দূর হবে !**

প্রশ্ন **উত্তর**

1. Who is he (তিনি কে) ? ► He is Mr Jaman. (তিনি হলেন জামান সাহেব।)
2. Who is she ? ► She is Mrs Jaman.
3. Who are you (তুমি) ? ► I am Samad.
4. Who are you (তোমরা) ? ► We are Jaman and Samad.
5. Who are they ? ► They are Mr. Jaman and Mrs. Jaman.
6. Who is translating from English into Bangla?
   ► She is translating from English into Bangla.

চলো নতুন শব্দ শিখি

THING (থিং) - জিনিস

এই বাক্যগুলো
সোজা মনে হলেও
জোরে জোরে পড়ো।

চলো বাক্য বানানো practice করা যাক:

২৫. **প্রশ্ন** **WHAT IS THE NAME OF THAT THING ?**

WHAT	IS	THE	NAME	OF	THAT	THING	?
হোয়াট্	ইয্	দা	নেইম্	অফ্	দ্যাট্	থিং	?
কী	হয়	নামটি		ঐ জিনিসটার			?

প্রশ্নের সাবলীল বাংলা ঐ জিনিসটার নাম কী ?

উত্তর The name of that thing is tie.

The	name	of	that	thing	is	tie.
দা	নেইম্	অফ্	দ্যাট্	থিং	ইয্	ঠাই্।
নামটি		ঐ জিনিসটার			হলো	টাই।

উত্তরের সাবলীল বাংলা ঐ জিনিসটার নাম হচ্ছে টাই।



২৬. **প্রশ্ন** WHAT COLOUR IS THIS THING ?

WHAT	COLOUR	IS	THIS	THING	?
হোয়াট্	কালার্	ইয্	দিস্	থিং	?
কী	রং	হয়	এটা	জিনিস	?

উত্তর This thing is red.

This	thing	is	red.
দিস্	থিং	ইয্	রেড।
এটা	জিনিস	হয়	লাল।

প্রশ্নের সাবলীল বাংলা এই জিনিসটার রং কী ?

উত্তরের সাবলীল বাংলা এই জিনিসটা লাল।

Practice

1. The name of that thing is mobile.
2. The name of that thing is camera.
3. The name of that thing is pen.
4. The color of that thing is red.
5. The color of that pen is black.
6. The color of that mobile is green.

⇦ ইংলিশ বাক্যগুলো
পড়ার সময় বাক্যের অর্থ
ইংলিশেই বুঝতে হবে।

চলো নতুন শব্দ শিখি

TALL (ঠঅ্ল্) - লম্বা; **SHORT** (শর্ট্) - বেঁটে / খাটো;
SCANDINAVIA (স্ক্যান্ডিনেভিয়া) - ডেনমার্ক, নরওয়ে, সুইডেন - এই তিন দেশের একত্রে নাম।

২৭. প্রশ্ন	**IS**	**MISS**	**SAEDA**	**SHORT ?**	(মিস্ সায়েদা কি খাটো ?)
	ইয্	মিস্	সায়েদা	শর্ট্ ?	
	হয় কি	মিস্	সায়েদা	খাটো ?	

উত্তর	No,	Miss	Saeda	is	not	short,	but	she	is	tall.
	নোঔ্,	মিস্	সায়েদা	ইয্	নট্	শর্ট্,	বাঠ্	শী	ইয্	ঠঅ্ল্।
	না,	মিস্	সায়েদা	হয়	না	খাটো,	কিন্তু	সে	হলো	লম্বা।

উত্তরের সাবলীল বাংলা না, মিস্ সাদিয়া খাটো না, কিন্তু তিনি হলেন লম্বা।

২৮. প্রশ্ন	**IS**	**MR.**	**BROWN**	**TALL**	**?**
	ইয্	মিস্টার্	ব্রাউন্	ঠঅ্ল্	?
	হয় কি	জনাব	ব্রাউন	লম্বা	?

প্রশ্নের সাবলীল বাংলা মিস্টার ব্রাউন কি লম্বা ?

Tall এবং ***short***
শব্দ থেকে উচ্চতার **বৈশিষ্ট্য** বা **গুণ**
সম্পর্কে জানা যায়।
এই ধরনের শব্দকে বলে
adjective (অ্যাজেক্টিভ)।

উত্তর	No,	Mr.	Brown	is	not	tall,	but	he	is	short.
	নোঔ্,	মিস্টার	ব্রাউন	ইয্	নট্	ঠঅ্ল্,	বাট্	হী	ইয্	শঅর্ট্।
	না,	জনাব	ব্রাউন	হয়	না	লম্বা,	কিন্তু	তিনি	হলেন	খাটো।

উত্তরের সাবলীল বাংলা না, মিস্টার্ ব্রাউন লম্বা না, বরং তিনি খাটো।

Read loudly the following similar sentences

01. Is she tall ? ► No, she is not tall, but she is short (শঅ্র্ঠ্).
(তিনি কি লম্বা?) (না, তিনি লম্বা নন, কিন্তু তিনি হলেন খাটো।)
02. Is she short ? ► No, she is not short, but she is tall.
03. Is Ruma tall ? ► No, Ruma is not tall, but she is short.
04. Are you tall ? ► No, I am not tall, but I am short.
05. Am I short ? ► No, you are not short, but you are tall.

২৯. **প্রশ্ন** **ARE THE PEOPLE OF SCANDINAVIA SHORT ?**

আর্ দা পিয়োপ্ল্ অফ্ স্ক্যান্ডিনেভিয়া শঅ্র্ট্ ?

হয় কি লোকজন স্ক্যান্ডিনেভিয়ার খাটো

প্রশ্নের সাবলীল বাংলা স্ক্যান্ডিনেভিয়ার লোকজন কি খাটো ?

উত্তর No, the people of Scandinavia are not short, but they are tall.

নোঔ্, দা পিয়োপ্ল্ অফ্ স্ক্যান্ডিনেভিয়া আর্ নট্ শঅ্র্ট্, বাঠ্ দেই্ আর্ ঠঅল্

না, **লোকজন** স্ক্যান্ডিনেভিয়ার হয় না খাটো, বরং তারা হয় লম্বা।

উত্তরের সাবলীল বাংলা না, স্ক্যান্ডিনেভিয়ার লোকজন খাটো না, কিন্তু তারা লম্বা।

fat (ফ্যাট্ - মোটা), **slim** (স্লিম্ - হালকা-পাতলা),
clever (ক্লেভার্ - চালাক), **foolish** (ফুলিশ্ - বোকা)
প্রভৃতি দিয়ে নিচের মতো বাক্য বানাও, পড়ো ও লিখো !

প্রশ্ন	উত্তর
06. Is Mr. Jaman tall ?	► No, Mr. Jaman is not tall, but he is short.
07. Is Mrs. Abid short ?	► No, Mrs. Abid is not short, but she is tall.
08. Is Mr. Jaman tall ?	► No, Mr. Jaman is not tall, but he is short.
09. Is he tall or short ?	► No, he is neither tall nor short, but he is medium.
10. Am I tall or short ?	► No, you are neither tall nor short, but you are medium.
11. Are they tall or short ?	► No, they are neither tall nor short, but they are medium.

অর্থ থেকেই বোঝা যাচ্ছে, *fat, slim, clever, foolish* শব্দগুলো
মানুষের একটা বৈশিষ্ঠ্য সম্পর্কে বলছে;
তাই এই শব্দগুলিও **adjective**।

DIFFERENCE (ডিফ্রেন্স্ - পার্থক্য): WHILE (হোয়াইল - অন্যদিকে)

৩০. **প্রশ্ন** WHAT IS THE DIFFERENCE BETWEEN "TALL AND SHORT" AND "HIGH AND LOW"?

WHAT	IS	THE DIFFERENCE	BETWEEN	"TALL	AND	SHORT"
হোয়াট্	ইয	দা ডিফ্রেন্স্	বিট্যুইন্	টল্	অ্যান্ড	শর্ট
কী	হলো	পার্থক্য	মধ্যে	লম্বা	এবং	খাটো

AND	"HIGH	AND	LOW"	?
এন্ড	হাই	এন্ড	লোঔ	?
এবং	উঁচু	এবং	নিচু	?

বাংলা *Tall* ও *short* এবং *high* ও *low*-এর মধ্যে পার্থক্য কী ?

নিচে উত্তরটা তিন লাইন জুড়ে মাত্র একটা বাক্যের মাধ্যমে

Q

The difference	between	"tall	and	short"	and	"high	and	low"
পার্থক্য	মধ্যে	লম্বা	এবং	খাটো	এবং	উঁচু	এবং	নিচু

is	that	we	use	"tall	and	short"	for	people,
হয়	যে	আমরা	ব্যবহার	লম্বা	এবং	খাটো	জন্য	লোকজন,

while	we	use	"high	and	low"	for	things.
অন্যদিকে	আমরা	ব্যবহার করি	উঁচু	এবং	নিচু	জন্য	জিনিসগুলি।

খুব চমৎকার একটি জিনিস Q বাক্যে বলা হলো, যেটা দেশের প্রচলিত গ্রামার বইয়ে নেই!

উত্তরের সাবলীল বাংলা

Tall ও ***short*** এবং ***high*** ও ***low***-এর মধ্যে পার্থক্য হলো যে, *Tall* এবং *short* শব্দ দুটো আমরা মানুষের জন্য ব্যবহার করি, অন্যদিকে *high* এবং *low* শব্দ দুটো আমরা জিনিসের জন্য ব্যবহার করি।

নিচের বাক্যগুলো জোরে জোরে পড়ো এবং **English**-য়েই চিন্তা করো।

খুব **fast** পড়ো ও বলো

01. The **difference** between *tall and short* and *high and low* is that we use *tall and short* for people **while** we use *high and low* for things.

02. The difference between 'tall' and 'high' is that we use 'tall' for human and we use 'high' for things.

03. The difference between 'short' and 'low' is that we use 'short' for human and we use 'low' for things.

04. The difference between Dhaka and Chottogram is that
Dhaka is the capital of Bangladesh
while Chottogram is the main sea-port of Bangladesh.

দ্রুত পড়ো
- এটা জরুরি।

05. The **difference** between sugar and salt is that
we use sugar for sweets **while** we use salt for curry.

06. The **difference** between a pen and a book is that
we use a pen for writing **while** we use a book for reading.

07. This is not a tiger, but this is a lion.

08. This is not a table, but this is a chair.

09. This is not a generator, but this is a pump.

অন্যকে ইংলিশ পড়ালে
নিজের **English** পোক্ত হয়!

Have to ...

I have to know = আমাকে জানতে হবে।
I have to make = আমাকে তৈরি করতে হবে।
I have to meet = আমাকে সাক্ষাৎ করতে হবে।
I have to pay = আমাকে পরিশোধ করতে হবে।
I have to learn = আমাকে শিখতে হবে।
I have to say = আমাকে বলতে হবে।
I have to leave = আমাকে চলে যেতে হবে।
I have to catch = আমাকে ধরতে হবে।
I have to get a job = আমাকে একটা চাকুরী পেতে হবে।
I have to read in DU = আমাকে DU-তে পড়তে হবে।

Want to ...

I want to cherish good memories = আমি ভাল স্মৃতিগুলো লালন করতে চাই।
I want to hate discrimination = আমি বৈষম্যকে ঘৃণা করতে চাই।
I want to stand beside the victims = আমি ভুক্তভোগীদের পাশে দাঁড়াতে চাই।
I want to prevent violence = আমি সন্ত্রাস প্রতিরোধ করতে চাই।
I want to state clearly = আমি স্পষ্টরূপে বলতে চাই।
I want to create new ideas = আমি নতুন ধারণা সৃষ্টি করতে চাই।
I want to cure the addicts = আমি আসক্তদের আরোগ্য করতে চাই।
I want to remove confusion = আমি দ্বিধাদ্বন্দ্ব দূর করতে চাই।
I want to study at Harvard University = আমি হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে পড়তে চাই।
I want to read in a cadet college = আমি ক্যাডেট কলেজে পড়তে চাই।

“এই পৃষ্ঠার প্রতিটি **English** বাক্য অর্থ বুঝে দেখে দেখেই তোমার খাতায় ১ বার হলেও লেখো ”

I have done (আই্ হ্যাভ্ ডান্) = আমি করে ছি
I have gone (আই্ হ্যাভ্ গন্) = আমি গিয়ে ছি
I have eaten (আই্ হ্যাভ্ ঈটেন্) = আমি খেয়ে ছি
I have run (আই্ হ্যাভ্ রান্) = আমি দৌড়ে ছি
I have read (আই্ হ্যাভ্ রেড্) = আমি পড়ে ছি
I have taken (আই্ হ্যাভ্ ঠেই্খেন্) = আমি নিয়ে ছি
I have come (আই্ হ্যাভ্ খাম্) = আমি এসে ছি
I have sat (আই্ হ্যাভ্ স্যাট্) = আমি বসে ছি
I have flown (আই্ হ্যাভ্ ফ্লোঔ্ন্) = আমি উড়ে ছি
I have cut (আই্ হ্যাভ্ খাট্) = আমি কেটে ছি
I have played (আই্ হ্যাভ্ প্লেই্ড্) = আমি খেলে ছি
I have slept (আই্ হ্যাভ্ স্লেপ্ট্) = আমি ঘুমিয়ে ছি
I have talked (আই্ হ্যাভ্ ঠঅ্ক্ড্) = আমি বলে ছি
I have written (আই্ হ্যাভ্ রিঠেন্) = আমি লিখে ছি
I have heard (আই্ হ্যাভ্ হার্ড্) = আমি শুনে ছি
I have fed (আই্ হ্যাভ্ ফেড্) = আমি খাইয়ে ছি
I have opened (আই্ হ্যাভ্ ওঔ্পেন্ড্) = আমি খুলে ছি
I have stood (আই্ হ্যাভ্ স্টুড্) = আমি দাঁড়িয়ে ছি
I have loved (আই্ হ্যাভ্ লাভ্ড্) = আমি ভালোবেসে ছি

উদাহরণের মাধ্যমে এই পৃষ্ঠার সব Present Perfect Tense শেখা যাক।

ইংরেজি বাক্যের বাংলা অর্থ তৃপ্তিমতো বোঝাই হলো আসল ব্যাপার !

I have liked (আই্ হ্যাভ্ লাই্ক্ড্) = আমি পছন্দ করে ছি
I have hated (আই্ হ্যাভ্ হেই্টেড্) = আমি ঘৃণা করে ছি
I have won (আই্ হ্যাভ্ ওয়োন্) = আমি জয়ী হয়ে ছি
I have drunk (আই্ হ্যাভ্ ড্রাংক্) = আমি পান করে ছি
I have thought (আই্ হ্যাভ্ থঠ্) = আমি চিন্তা করে ছি
I have planned (আই্ হ্যাভ্ প্ল্যান্ড্) = আমি প্ল্যান করে ছি
I have dreamt (আই্ হ্যাভ্ ড্রেম্ট্) = আমি স্বপ্ন দেখে ছি
I have swum (আই্ হ্যাভ্ সোয়াম্) = আমি সাঁতার কেটে ছি
I have helped (আই্ হ্যাভ্ হেল্প্ড্) = আমি সাহায্য করে ছি
I have worked (আই্ হ্যাভ্ ওয়ার্ক্ড্) = আমি কাজ করে ছি

উপরের প্রতিটি *have*-এর সাথেই *done, gone, eaten, taken* প্রভৃতি আছে, গ্রামারের ভাষায় এগুলোকে বলে present participle ও সংক্ষেপে V_3 (= ভি-থ্রী)।

সাঁতার শিখতে হলে যেমন **পানিতে** নামতে **হবে,**

ভাষা শিখতে হলে

তেমনি **মুখ** দিয়ে বলতে হবে।

হ্যাঁ, এটাই হলো মূল কথা;

তোমার মুখ দিয়ে ইংলিশ বেরোতে হবে।

আর এই বইয়ের প্রথম লেসেন থেকেই,

তোমার মুখ দিয়ে ইংলিশ বেরোনোর ব্যবস্থা করা হয়েছে।

কিভাবে ?

তুমি ইংলিশ বাক্যগুলো জোরে জোরে পড়বে।

জোরে পড়লেই হয়ে গেলো স্পীকিং।

আর ভাষা শিখতে হয় বলে বলে,

ঠিক যেভাবে শিশু বাচ্চারা শিখে।

আর তুমি যাতে বেশি বেশি বলতে বাধ্য হও,

এজন্যই এই বইয়ের প্রথম লেসেনের প্রথম পৃষ্ঠা থেকেই

প্রশ্ন - উত্তর আকারে

প্রতিটা বাক্য শেখানো হয়েছে,

যাতে প্রশ্ন করাও হলো,

আবার উত্তর দিতে গিয়ে প্রথম থেকেই

বাক্য বলার অভ্যাস হয়ে গেলো।

"লেকচার শুনে যেমন সাঁতার শেখা হয় না"

তেমনি Facebook / ইউটিউব থেকে

ইংলিশ শিখতে গেলে

আসলে লেকচার শুনে সময় নষ্ট হয় বেশি,

কারণ তখন তুমি নিষ্ক্রিয়,

তোমার মুখ বন্ধ, খালি শুনছো !

ক্লাস # 05 - A

ASKING (আস্কিং)	**ANSWERING** (আন্সারিং)	**DOING** (ডুইং)
↓	↓	↓
জিজ্ঞাসা করছি	উত্তর দিচ্ছি	করছি

০১. প্রশ্ন

প্রশ্ন					উত্তর			
ইংরেজি বাক্য :	**WHAT**	**IS**	**THIS**	**?**	It	is	a	pen.
উচ্চারণ :	হোয়াট্	ইয্	দিস্	?	ইট্	ইয্	আ	পেন।
শব্দের অর্থ :	কী	হয়	এটা	?	এটি	হয়	একটি	কলম।

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?

উত্তরের সাবলীল বাংলা এটি একটি কলম।

০২.

WHAT	**AM**	**I**	**DOING**	**?**	You	are	asking	him	a question.
হোয়াট্	অ্যাম্	আই্	ডুইং	?	**ইউ্**	**আর্**	আস্কিং	হিম্	আ কোয়েশ্চেন্।
							↓	↓	↓ ↓
কী		আমি	করছি	?	তুমি		**জিজ্ঞাসা করছো**	তাকে	একটি প্রশ্ন

প্রশ্নের সাবলীল বাংলা আমি কী করছি ?

সাবলীল বাংলা তুমি তাকে একটি প্রশ্ন জিজ্ঞেস করছো।

০৩. প্রশ্ন

প্রশ্ন				উত্তর			
WHAT	**IS**	**THIS**	**?**	It	is	a	hand.
হোয়াট্	ইয্	দিস্	?	ইট্	ইয্	আ	হ্যান্ড্।
কী	হয়	এটা	?	এটি	হয়	একটি	হাত।

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?

সাবলীল বাংলা এটি একটি হাত।

০৪. প্রশ্ন

AM I	**ASKING**	**HER**	**A**	**QUESTION**	**?**
অ্যাম্ আই্	**আস্কিং**	হার্	আ	কোয়েশ্চেন্	?
আমি কি	জিজ্ঞাসা করছি	তাকে	একটি	প্রশ্ন	?

প্রশ্নের সাবলীল বাংলা আমি কি তাকে একটি প্রশ্ন জিজ্ঞেস করছি ?

উত্তর Yes you are asking her a question.

ইয়েস, ইউ আর আস্কিং হার আ কোয়েশ্চেন।

হ্যাঁ, তুমি জিজ্ঞাসা করছ তাকে একটি প্রশ্ন।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, তুমি তাকে একটি প্রশ্ন জিজ্ঞেস করছ।

০৫. **প্রশ্ন** **WHAT IS THIS?**

হোয়াট ইয্ দিস্ ?

কী হয় এটা ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?

উত্তর It is a head

ইট্ ইয্ আ হেড।

এটি হয় একটি মাথা।

উত্তরের সাবলীল বাংলা এটি একটি মাথা।

০৬. **প্রশ্ন** **WHAT IS HE DOING?**

হোয়াট ইয্ হী ডুইং ?

কী সে করিতেছে ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কী করিতেছে / করছে ?

উত্তর He is answering your question.

হী ইয্ আনসারিং ইওর কোয়েশ্চেন।

সে উত্তর দিচ্ছে তোমার প্রশ্ন ।

সাবলীল বাংলা সে তোমার প্রশ্নের উত্তর দিচ্ছে।

০৭. **প্রশ্ন** **WHAT IS THIS ?**

কী হয় এটা ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কী ?

উত্তর It is a mouth.

এটি হয় একটি মুখ।

উত্তরের সাবলীল বাংলা এটি একটি মুখ।

নিচের Similar বাক্যগুলো
জোরে জোরে পড়ো, **মুখের জড়তা দূর হবে !**

প্রশ্ন	উত্তর
1. What is she doing? (কী করছে সে?)	▸ She is asking me a question. (সে জিজ্ঞাসা করছে আমাকে একটা প্রশ্ন ।)
2. What am I doing?	▸ You are answering her question.
3. What are you doing?	▸ I am asking them a question.
4. Am I answering her question?	▸ Yes, you are anwering her question.
5. Are they asking you a question?	▸ No, they are not asking me a question.

০৮. **প্রশ্ন**

IS SHE ANSWERING MY QUESTION ?

IS	SHE	ANSWERING	MY	QUESTION ?
ইয্	শী	আন্সারিং	মাই	কোয়েশ্চেন্ ?
হয় কি	সে	উত্তর দিচ্ছে	আমার	প্রশ্ন ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কি আমার প্রশ্নের উত্তর দিচ্ছে ?

উত্তর

Yes.	she	is answering	your	question.
ইয়েস্	শী	ইয্ আন্সারিং	ইওর্	কোয়েশ্চেন্।
হ্যাঁ,	সে	উত্তর দিচ্ছে	তোমার	প্রশ্ন।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, সে তোমার প্রশ্নের উত্তর দিচ্ছে।

... is *doing* ...
... is *eating* ...
... is *answering* ...
... is *sending* ...
প্রভৃতি
is + মূল verb + ... ing
শব্দগুচ্ছকে বলা হয়
present continuous
(= বর্তমানে চলমান) **tense**।

এরূপ আরো উদাহরণ

প্রশ্ন

Is he sending	**me a letter ?**
সে কি পাঠাচ্ছে	আমাকে একটা চিঠি

প্রশ্নের সাবলীল বাংলা সে কি আমাকে একটা চিঠি পাঠাচ্ছে ?

উত্তর

Yes,	he	is	sending	me	a	letter.
ইয়েস,	হী	ইয্	সেন্ডিং	মি	আ	লেঠার্।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, সে আমাকে একটা চিঠি পাঠাচ্ছে।

Repeat loudly:

প্রশ্ন	উত্তর
1. Are you answering my questions ?	► Yes, I am anwering your questions.
(তুমি কি উত্তর দিচ্ছো আমার প্রশ্নের ?)	(হ্যাঁ, আমি উত্তর দিচ্ছি তোমার প্রশ্নের।)
2. Are you sending me a letter ?	► Yes, I am sending you a letter.
3. Is he sending me a picture ?	► Yes, he is sending you a picture.
4. Is he giving me a picture ?	► Yes, he is giving you a picture.
5. Is he doing his homework ?	► Yes, he is doing his homework.

চলো নতুন শব্দ শিখি

TO HAVE (টু হ্যাভ্) - আছে; CONTRACTION (কন্ট্র্যাক্‌শ্‌ন্) - শব্দের সংক্ষিপ্ত রূপ

পূর্ণাঙ্গরূপ	সংক্ষিপ্তরূপ	Example
I HAVE (আই্ হ্যাভ্)	**I'VE** (আইভ্)	I've eaten (আইভ্ ঈটেন্) = আমি খেয়েছি
HE HAS (হী হ্যায্)	**HE'S** (হি'য্)	He's eaten (হিয্ ঈটেন্) = সে খেয়েছে
SHE HAS (শী হ্যায্)	**SHE'S** (শী'য্)	She's taken the book = শীয্ ঠেই্কেন্ দা বুক
IT HAS (ইট্ হ্যায্)	**IT'S** (ইট্'স্)	It's been done = এটা করা হয়েছে

এই নতুন শেখা শব্দ দিয়ে
বাক্য বানানো practice করা যাক:

০৯. প্রশ্ন

WHAT IS THE MEANING OF THE VERB "TO HAVE" ?

$\text{হোয়াট্}\quad\text{ইয্}\quad\underbrace{\text{দা}\quad\text{মীনিং}\quad\text{অফ্}\quad\text{দা}\quad\text{ভার্ব্}}_{\textbf{Verb-টির অর্থ}}\quad\text{“To HAVE”}\ ?$

কী হয় **Verb-টির অর্থ** "To HAVE" ?

প্রশ্নের সাবলীল বাংলা *"TO HAVE" verb*-টির অর্থ কী ?

উত্তর The meaning of the verb "to have" is "আছে"।

$\underbrace{\text{দা}\quad\text{মীনিং}\quad\text{অফ}\quad\text{দা}\quad\text{ভার্ব্}}_{\textbf{Verb-টির অর্থ}}\quad\text{“to have”}\quad\text{ইয্}\quad\text{“আছে”।}$

Verb-টির অর্থ "to have" হয় "আছে"।

উত্তরের সাবলীল বাংলা "TO HAVE" verb-টির অর্থ হলো "আছে"।

১০. প্রশ্ন	উত্তর
DO I HAVE TWO EYES ?	Yes, you have two eyes.
ডু আই হ্যাভ্ টু আইস ?	ইয়েস, ইউ হ্যাভ্ টু আইস।
কি আমার আছে দুটি চোখ ?	হ্যাঁ, আপনার আছে দুইটি চোখ।
প্রশ্নের সাবলীল বাংলা: আমার কি দুটি চোখ আছে?	সাবলীল বাংলা: হ্যাঁ, আপনার দুটি চোখ আছে।

১১. প্রশ্ন	উত্তর
DO YOU HAVE TWO EARS ?	Yes, I have two ears.
ডু ইউ হ্যাভ্ টু ইয়ার্স্ ?	আই হ্যাভ্ (= আইভ্) ইয়ার্স্।
কি তোমার আছে দুইটি কান ?	হ্যাঁ, আমার আছে দুইটি কান।
প্রশ্নের সাবলীল বাংলা: তোমার কি দুটি কান আছে ?	বাংলা: হ্যাঁ, আমার দুটি কান আছে।

১২. প্রশ্ন	উত্তর
DOES HE HAVE TWO LEGS ?	Yes, he has two legs.
ডায্ হী হ্যাভ্ টু লেগ্স্ ?	ইয়েস্, হী হ্যায্ টু লেগ্স্।
কি তার আছে দুইটি পা ?	হ্যাঁ, তার আছে দুইটি পা।
প্রশ্নের সাবলীল বাংলা: তার কি দুটো পা আছে ?	সাবলীল বাংলা: হ্যাঁ, তার দুটো পা আছে।

উপরে এবং নিচে প্রশ্নে *He have* এবং উত্তরে *he has* আছে। *he*-এর পরে একবার ***have*** এবং অন্য বাক্যে ***has*** হলো কেনো ভালো করে চিন্তা করো।

বুঝে বুঝে নিচের বাক্যগুলো পড়ো।

1. Does he have a car ?	► Yes, he has a car.
2. Does he have a house ?	► Yes, he has a house.
3. Do I have a pen ?	► Yes, you have a pen.
4. Do I have two hands ?	► Yes, you have two hands.
5. Do you have ten fingers?	► Yes, you have ten fingers.
6. Do you have a mouth ?	► Yes, I have a mouth.
7. Do you have two arms ?	► Yes, I have two arms (আর্মস্ = বাহু).

খেয়াল করো, বাক্য দুটো কিন্তু **দু'ধরনের** বাক্য।

১৩ **প্রশ্ন**	**উত্তর**
DOES SHE HAVE TWO HANDS ?	Yes, she has two hands.
ডায় শী হ্যাভ্ টু হ্যান্ডস্।	ইয়েস্, শী হ্যায্ টু হ্যান্ডস্।
কি তার আছে দুইটি হাত।	হ্যাঁ, তার আছে দুইটি হাত।
প্রশ্নের সাবলীল বাংলা তার কি দুটো হাত আছে ?	**সাবলীল বাংলা** হ্যাঁ, তার দুটো হাত আছে।

ব্যাখ্যা

She (শী) অর্থ সে এবং একজন মেয়েকে বুঝাচ্ছে। *She* হলো একজন। তাই, ***is*** বা ***has*** হয়। আবার, *Does she have* .... হলো একটা প্রশ্নবোধক (= **Interrogative** – ইন্‌টেরোগেইটিভ্) বাক্য। যেহেতু *she* হলো একজন, তাই, **do** + **es** = **does** হলো। আর ***has*** না হয়ে ***have*** হলো।

- Does she have two brothers ? ►Yes, she has two brothers.
  (তার কি দুইটি ভাই আছে?) (হ্যাঁ, তার দুইটি ভাই আছে।)
- Does she have two sisters ? ►Yes, she has two sisters.

১৪. **প্রশ্ন**	**উত্তর**
DO WE HAVE ONE HEAD ?	Yes, we have one head.
ডু উঈ্ হ্যাভ্ ওয়ান্ হেড্ ?	ইয়েস্, উঈ্ হ্যাভ্ ওয়ান্ হেড্।
কি আমাদের আছে একটি মাথা ?	হ্যাঁ, আমাদের আছে একটি মাথা।
প্রশ্নের সাবলীল বাংলা আমাদের কি একটি মাথা আছে?	**অর্থ** হ্যাঁ, আমাদের একটি মাথা আছে।

১৫. **প্রশ্ন**	**উত্তর**
DO THEY HAVE FOUR ARMS ?	Yes, they have four arms.
ডু দেই্ হ্যাভ্ ফোর্ আর্ম্স্ ?	ইয়েস্, দেই্ হ্যাভ্ ফোর্ আর্ম্স্।
কি তাদের আছে চারটি বাহু ?	হ্যাঁ, তাদের আছে চারটি বাহু।
প্রশ্নের সাবলীল বাংলা তাদের কি চারটি বাহু আছে ?	**অর্থ** হ্যাঁ, তাদের চারটি বাহু আছে।

প্রশ্ন	**উত্তর**
1. Do we have two tables ?	► Yes, we have two tables.
2. Do we have five friends ?	► Yes, we have five friends.
3. Do they have ten arms ?	► Yes, they have ten arms.
4. Do they have two hands ?	► Yes, we have two hands.

We (= আমরা),
They (= তারা)
হলো অনেক লোক।
এ ধরনের **plural** বা
বহুসংখ্যকের সাথে
has না হয়ে,
have হয়।

ANY	**SOME**	**HOW MANY ?**	**NONE**	**POSITIVE**
এনি	সাম্	হাউ্ মেনি ?	নান্	পযিটিভ
কোনো	কিছু	কতগুলো ?	একটিও না	হ্যাঁ-বোধক

NEGATIVE	**INTERROGATIVE**	**FOR EXAMPLE**	**WHEN**
নেগেটিভ্	ইন্টারোগেটিভ্	ফর্ এগ্‌যাম্প্‌ল্ উদাহরণের জন্য	হোয়েন্
না-বোধক	প্রশ্নসূচক	= উদাহরণস্বরূপ	কখন

১৬. প্রশ্ন **Are there any books on the table ?**

আর্ দেয়ার্ এনি বুক্স্ অন্ দা ঠেইব্‌ল্ ?

হয় কি সেখানে কোনো বইগুলি টেবিলের উপরে ?

সাবলীল বাংলা টেবিলের উপরে কি কোনো বই আছে?

উত্তর Yes, there are some books on the table.

ইয়েস্, দেয়ার্ আর্ সাম্ বুক্স্ অন্ দা ঠেইব্‌ল্।

হ্যাঁ, আছে কিছু বইগুলি টেবিলের উপরে।

সাবলীল বাংলা হ্যাঁ, টেবিলটার উপর কয়েকটা বই আছে। ⟶



১৭. প্রশ্ন

WHAT IS THE MEANING OF THE WORDS "ANY" AND "SOME" ?

হোয়াট্ ইয্ দা মীনিং অফ্ দা ওয়ার্ডস্ "ANY" এন্ড "SOME" ?

কী হয় **শব্দগুলোর অর্থ** "ANY" এবং "SOME" ?

প্রশ্নের সাবলীল বাংলা *ANY* এবং *SOME* শব্দগুলোর অর্থ কি ?

উত্তর

The meaning of the words "any" and "some" is "কোনো" এবং "কিছু"।

দা মীনিং অফ্ দা ওয়ার্ডস্ "any" এন্ড্ "some" ইয্ "কোনো " এবং "কিছু"।

শব্দগুলোর অর্থ "any" এবং "some" হয় "কোনো " এবং "কিছু"।

বাংলা *ANY* এবং *SOME* শব্দগুলোর অর্থ হচ্ছে "কোন" এবং "কিছু"।

ANY এবং SOME-এর মধ্যে পার্থক্য

১৮. **প্রশ্ন** Are there any books on the floor ? (= মেঝের উপর কি কোনো বই আছে ?)

Are	there	any	books	on	the	floor ?
আর্	দেয়ার্	এনি	বুক্স্	অন্	দা	ফ্লোওর্ ?
আছে কি		কোনো	বইগুলি	মেঝেতে		

উত্তর No, there are not any books on the floor.

No,	there	are	not	any	books	on	the	floor.
নোঔ্,	দেয়ার্	আর্	নট্	এনি	বুক্স্	অন্	দা	ফ্লোওর্।
না,	নেই			কোনো	বইগুলি	মেঝেতে।		

সাবলীল বাংলা না, মেঝের উপর কোনো বই নাই।

এই বাক্যগুলো দেখে দেখে লিখলে spelling শেখাও হয়ে গেলো এক বারে

প্রশ্ন What is the meaning of the words "none" and "some" ?

(*"none"* এবং *"some"* শব্দগুলোর অর্থ কী?)

উত্তর : The meaning of the words "none" and "some" is "একটিও না" এবং "কিছু"।

(*"none"* এবং *"some"* শব্দগুলোর অর্থ হচ্ছে "একটিও না" এবং "কিছু")

প্রশ্ন What is the meaning of the words "positive" and "negative" ?

উত্তর : The meaning of the words "positive" and "negative" is "হ্যাঁ-বোধক" এবং "না-বোধক"।

প্রশ্ন What is the meaning of the words "any" and "some" ?

উত্তর : The meaning of the words "any" এবং "some" is "কোন" এবং "কিছু"।

আরো প্রশ্ন ও উত্তর

প্রশ্ন Are there **any** pens on the table ? ► Yes, there are **some** pens on the table.

(টেবিলে কি কোন কলম আছে?) (হ্যাঁ, কিছু কলম আছে টেবিলের উপর ।)

প্রশ্ন Are there **any** pens on the table ? ► No, there are not **any** pens on the table.

প্রশ্ন Are there **any** boys in the room ? ► No, there are not **any** boys in the room.

(না, রুমে কোনো ছেলে নেই।)

১৯. WHAT IS THE DIFFERENCE BETWEEN "ANY" AND "SOME"?

হোয়াট্ ইয্ দা ডিফরেন্স্ বিট্উইন্ "ANY" এন্ড্ "SOME"?
ওয়াট্‌স্ কী হয় পার্থক্য মধ্যে "ANY" এবং "SOME"?

সাবলীল বাংলা ANY এবং SOME-এর মধ্যে পার্থক্য কী ?

উত্তর

A

The difference between "any" and "some" is that
দা ডিফারেন্স্ বিটুইন্ "any" এন্ড্ "some" ইয্ দ্যাট্
we use "any" in interrogative and negative sentences,
উঈ্ ইউয্ "any" ইন্ ইন্টারোগেটিভ্ অ্যান্ড্ নেগেটিভ্ সেন্‌টেন্সেস্
while we use "some" in positive sentences.
হোয়াইল্ উঈ্ ইউয্ "some" ইন্ পজিটিভ্ সেন্‌টেন্সেস্।

A

উপরের A বাক্যটির অর্থ

"*ANY*" এবং "*SOME*"-এর মধ্যে পার্থক্য হলো এই যে,
"*ANY*" শব্দটি **প্রশ্ন করার** ক্ষেত্রে এবং **"না- বোধক" তথা নেগেটিভ্ উত্তর** দেয়ার ক্ষেত্রে আমরা ব্যবহার করি,
অন্যদিকে পজিটিভ বা **"হ্যাঁ-বোধক"** উত্তর দেয়ার ক্ষেত্রে আমরা "*SOME*" ব্যবহার করি।

ব্যাখ্যা

উপরের **A** বাক্যে বলা বক্তব্যটা ভালো করে বুঝো।
প্রশ্ন # ১৬ এবং question # ১৮-এর *any* ও *some*-এর ব্যবহারটা
A-তে বলা নিয়মের সাথে একটু মিলিয়ে চিন্তাভাবনা করো।

Any-এর ব্যবহার শেখা যাক

We use "Any" in a non-specific question while "how many" is specific, and has a specific answer - three, fourteen, twenty etc. (আমরা *ANY* ব্যবহার করি অনির্দিষ্ট প্রশ্নের ক্ষেত্রে, অন্যদিকে *HOW MANY* হলো নির্দিষ্ট এবং এর সুনির্দিষ্ট উত্তর আছে, যেমন: ৩, ১৪, ২০ ইত্যাদি।)

When the question is "Any?", the answer is "Yes, some" or "No, not any",

(যখন প্রশ্ন হয় *Any* দিয়ে, তবে উত্তর হয় *Yes, some*. কিংবা *Not, not any*।)

How many-র ব্যবহার শেখা যাক

When the question is "How many", the answer is "Two, three" etc for positive answers or "none" for negative answers. (*HOW MANY* শব্দ দিয়ে **প্রশ্ন করার ক্ষেত্রে উত্তর যদি পজিটিভ হয়,** তাহলে 2, 3 ইত্যাদি এবং **উত্তর যদি নেগেটিভ হয়,** তাহলে NONE ব্যবহার করতে হবে।)

২০. **প্রশ্ন** How many books are on the table ? (= টেবিলের উপরে কতগুলি বই আছে ?)

How many books	are	on the table ?
হাউ্ মেনি বুক্স্	আর্	অন্ দা ঠেইব্‌ল্ ?
কতগুলো বই	**হয়**	**টেবিলের উপরে**

উত্তর There are two books on the table.

There are	two	books	on the table.
দেয়ার্ আর্	ঠূ	বুক্স্	অন্ দা ঠেইব্‌ল্।
আছে	**দুইটি**	**বইগুলি**	**টেবিলের উপরে।**

বাংলা টেবিলের উপরে দুইটি বই আছে ?

২১. **প্রশ্ন** How many books are on the table ?

How many	books	are	on the table ?
হাউ্ মেনি	বুক্স্	আর্	অন্ দা ঠেইব্‌ল্ ?
কতগুলো	**বইগুলি**	**হয়**	**টেবিলের উপরে**

উত্তর There are none

There are none
দেয়ার্ আর্ নান্।
কিছুই নাই।

প্রশ্নের সাবলীল বাংলা টেবিলের উপরে কয়টি বই আছে ?

অর্থ একটিও নাই।

জোরে জোরে পড়ো নিচের একই ধরনের বাক্যগুলো

1. How many boys are in this college? ► There are 50 boys in this college.
2. How many girls are in this college? ► There are 60 girls in this college.
3. How many pens are on the table ? ► There are two pens on the table.
4. How many members are in your family ? ► There are 5 members in my family.
5. How many teachers are in this college? ► There are 20 teachers in this college.
6. How many rooms are in this college? ► There are 50 rooms in this college.
7. How many cars are in this college? ► There are none.
8. How many ponds are in this college? ► There are none.

Lets practice some more new types of sentences

ANY (এনি) - কোনো

২২. **প্রশ্ন** **IS THERE ANY BOOK ON THIS TABLE ?**

ইয্ দেয়ার্ এনি বুক্ অন্ দিস্ ঠেইব্ল্ ?

আছে কি কোনো বই **এই টেবিলের উপরে**

প্রশ্নের সাবলীল বাংলা এই টেবিলের উপর কি কোনো বই আছে ?

উত্তর Yes, there are some books on this table.

ইয়েস্, **দেয়ার্ আর্** সাম্ বুক্স্ অন্ দিস্ ঠেইব্ল্

হ্যাঁ, **আছে** কিছু বইগুলি এই টেবিলের উপরে।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, এই টেবিলের উপরে কিছু বই আছে।

২৩. **প্রশ্ন** **ARE THERE ANY PICTURES ON THESE WALLS ?**

আর্ দেয়ার্ এনি পিক্চার্স্ অন্ দীয্ ওয়াল্স্ ?

আছে কি কোনো ছবিগুলি উপরে **এই দেয়ালগুলো**

প্রশ্নের সাবলীল বাংলা এই দেয়ালগুলোতে কি কোনো ছবি আছে?

উত্তর Yes, there are some pictures on these walls.

ইয়েস্, **দেয়ার্ আর্** সাম্ পিক্চার্স্ **অন্ দীয্ ওয়াল্স্।**

হ্যাঁ, **আছে** কিছু ছবিগুলো **এই দেয়ালগুলোতে**

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, এই দেয়ালগুলোতে কিছু ছবি আছে।

Read loudly some more similar sentences (আরো একই ধরনের বাক্য)

1. Are there any boys in this room ? ► Yes, there are some boys in this room.
2. Are there any girls in this room ? ► Yes, there are some girls in this room.
3. Are there any pens in this box ? ► Yes, there are some pens in this box.
4. Are there any chairs in this room ? ► Yes, there are some chairs in this room.

NOT ANY (নট্ এনি) XYZ - কোনো XYZ নেই

এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:

২৪. প্রশ্ন **ARE THERE ANY BOOKS ON THE FLOOR ?**
আর্ দেয়ার্ এনি বুক্স্ অন্ দা ফ্লোওর্ ?
আছে কি কোনো বইগুলি **মেঝেতে / ফ্লোরে**

প্রশ্নের সাবলীল বাংলা ফ্লোরে কি কোনো বই আছে ?

উত্তর No, there are not any books on the floor.
নোঔ্, দেয়ার্ আর্ নট্ এনি বুক্স্ অন্ দা ফ্লোওর্।
না, **নেই** কোনো বইগুলি **ফ্লোরে।**

উত্তরের সাবলীল বাংলা না, ফ্লোরে কোনো বই নেই।

২৫. প্রশ্ন **ARE THERE ANY PICTURES ON THAT CHAIR ?**
আর্ দেয়ার্ এনি পিক্চার্স্ অন্ দ্যাট্ চেয়ার্ ?
আছে কি কোনো ছবিগুলি উপরে ঐ চেয়ার

প্রশ্নের সাবলীল বাংলা ঐ চেয়ারের উপরে কি কোনো ছবি আছে ?

উত্তর No, there are not any pictures on that chair.
নোঔ্, দেয়ার্ আর্ নট্ এনি পিক্চার্স্ অন্ দ্যাট্ চেয়ার্।
না, **নাই** কোনো ছবিগুলি উপরে ঐ চেয়ার।

উত্তরের সাবলীল বাংলা না, ঐ চেয়ারের উপরে কোনো ছবি নাই।

২৬. প্রশ্ন **IS THERE ANY CHAIR ON THE TABLE ?**
আর্ দেয়ার্ এনি চেয়ার্ অন্ দা ঠেইব্ল্ ?
আছে কি কোনো চেয়ার **টেবিলের উপর**

প্রশ্নের সাবলীল বাংলা টেবিলের উপর কি কোনো চেয়ার আছে ?

No, there is not any chair on the table. (= না, টেবিলের উপর কোনো চেয়ার নেই।)

$\text{নোঔ,}\ \underbrace{\text{দেয়ার্ ইয্ নট্,}}_{\text{নেই}}\ \text{এনি চেয়ার্}\ \underbrace{\text{অন্ দা ঠেইবল।}}_{\text{টেবিলের উপর।}}$

না, নেই কোনো চেয়ার টেবিলের উপর।

Read **curiously** + Write **furiously**

(**পড়ো** কিউ্-রি-আস্‌লি + **লিখো** ফিউ্-রি-আস্‌লি)

1. Are there any boys in this room ? ► No, there are not any boys in this room.
(এই রুমে কি কোনো বালক আছে?) (না, এই রুমে কোনো বালক নেই।)

2. Are there any girls in this room ? ► No, there are not any girls in this room.
3. Are there any pens in this box ? ► No, there are not any pens in this box.
4. Are there any pens in this box ? ► No, there are not any pens in this box.
5. Is there any chair in this room ? ► No, there is not any chair in this room.
6. Is there any egg in this bag ? ► No, there are not any egg in this bag.
7. Is there any mango in this bag ? ► No, there are not any mango in this bag.

উপরের বাক্য দেখে দেখে লিখো নিচে ও তোমার খাতায়:

1. Are there
2.
3.
4.
5.
6.
7.

চলো নতুন শব্দ শিখি

NONE (নান) - একটিও না **CLASS** (ক্লাস) - শ্রেণি **CLASSROOM** (ক্লাসরুম) - শ্রেণিকক্ষ

প্রশ্ন **HOW MANY BOOKS ARE ON THE TABLE ?**
হাউ মেনি বুকস্ আর্ অন্ দা টেইবল্ ?
কতগুলো বইগুলি হয় টেবিলের উপর

প্রশ্নের সাবলীল বাংলা টেবিলের উপরে কতগুলি বই আছে ?

উত্তর There are two books on the table
দেয়ার্ আর্ টু বুকস্ অন্ দা টেইবল্
আছে দুইটি বইগুলি টেবিলের উপর।

উত্তরের সাবলীল বাংলা টেবিলের উপরে দুইটি বই আছে। ⟶



প্রশ্ন

HOW MANY BOOKS ARE ON THE FLOOR ?
হাই মেনি বুকস্ আর্ অন্ দা ফ্লোওর্ ?
কতগুলি বইগুলি হয় ফ্লোরের উপর ?

প্রশ্নের সাবলীল বাংলা ফ্লোরে কতগুলো বই আছে ?

উত্তর

There are none.
দেয়ার্ আর্ নান।
কিছুই নাই।

অর্থ একটিও না।

প্রশ্ন **HOW MANY PICTURES ARE ON THESE WALLS ?**
হাউ মেনি পিকচার্স্ আর্ অন্ দীয্ ওয়ালস্ ?
কতগুলো ছবিগুলি হয় এই দেয়ালগুলোর উপর

প্রশ্নের সাবলীল বাংলা এই দেয়ালগুলোতে কতগুলো ছবি আছে?

উত্তর There are five pictures on these walls.
দেয়ার্ আর্ ফাইভ পিকচার্স্ অন্ দীয্ ওয়ালস্।
আছে পাঁচটি ছবিগুলি এই দেয়ালগুলোর উপর

উত্তরের সাবলীল বাংলা এই দেয়ালগুলোতে পাঁচটি ছবি আছে।

৩০. **প্রশ্ন** **HOW MANY PICTURES ARE ON THAT CHAIR ?**

হাউ্ মেনি	পিক্চার্স্	আর্	অন্ দ্যাট্ চেয়ার্	?
কতগুলো	ছবিগুলি	হয়	ঐ চেয়ারের উপর	

প্রশ্নের সাবলীল বাংলা ঐ চেয়ারে কতগুলো ছবি আছে ?

উত্তর There are none.

দেয়ার্ আর্ নান্।
কিছুই নাই।

অর্থ একটিও (ছবি) নাই।

৩১. **প্রশ্ন** **HOW MANY PUPILS ARE IN THIS CLASSROOM ?**

হাউ্ মেনি	পিউ্পিল্স্	আর্	ইন্ দিস্ ক্লাস্রুম্	?
কতগুলো	ছাত্র-ছাত্রী	আছে	এই শ্রেণিকক্ষে	

প্রশ্নের সাবলীল বাংলা এই শ্রেণিকক্ষে কতজন ছাত্র-ছাত্রী আছে ?

উত্তর There are thirty pupils in this classroom.

দেয়ার্ আর্	থারটি	পিউ্পিল্স্	ইন্ দিস্ ক্লাস্রুম্।
আছে	ত্রিশ	ছাত্র-ছাত্রী	এই শ্রেণিকক্ষে

উত্তরের সাবলীল বাংলা এই শ্রেণিকক্ষে ত্রিশ জন ছাত্র-ছাত্রী রয়েছে।

৩২. **প্রশ্ন**

HOW MANY PUPILS ARE SITTING ON THE FLOOR ?

হাউ্ মেনি	পিউ্পিল্স্	আর্ সিটিং	অন্ দা ফ্লোওর্	?
কতগুলো	ছাত্র-ছাত্রী	বসে	ফ্লোরের উপর	?

প্রশ্নের সাবলীল বাংলা ফ্লোরে কতজন ছাত্র-ছাত্রী বসে আছে ?

উত্তর There are none.

দেয়ার্ আর্ নান্।
কেউ নাই

অর্থ একজনও (বসে) নাই।

একই ধরনের আরো উদাহরণ

প্রশ্ন	উত্তর
How many boys are there in this room ? (রুমটিতে কতজন বালক আছে?)	► There are three boys in this room. (রুমটিতে তিনজন বালক আছে।)
How many boys are there in this class ?	► There are none.
How many girls are there in this house ?	► There are six girls in this house.
How many girls are there in this school?	► There are none.
How many pens are there in this box ?	► There are three pens in this box.
How many pens are there on the floor ?	► There are none.
How many maps are there on this wall ?	► There are two maps on this wall.
How many maps are there on the table ?	► There are none.
How many apples are there on the table ?	► There are 2 apples on the table.
How many apples are there in this bag ?	► There are none.
How many men are there in this office ?	► There are 20 men in this office.
How many men are talking in this office ?	► There are none.

01. She has two legs.
02. He has two children.
03. I have a house.
04. They have many shirts.
05. There are many students in this school.
06. There are many students in Dhaka.
07. There are not any tubewell in this town.
08. There are not any factories in this city.
09. There are some doctors in this hospital.
10. There are not any apples on the table.
11. There are some good cricketers in Bangladesh.
12. There are six babies is this room.
13. There are two officers in the office.
14. The difference between a bathroom and a kitchen is that we use a bathroom **for bathing while we use a kitchen for cooking.**
15. The difference between a chair and a table is that we use chair **for sitting while we use a table for studying.**

পাশের নিচের
বাক্যগুলো
জোরে জোরে
উচ্চারণ করুন
কিন্তু **English**-য়েই
অর্থ বোঝার
চেষ্টা করুন।

Simple Future Tense (সাধারণ ভবিষ্যত কাল)-এর কিছু বাক্য

I shall go (আই্ শ্যাল্ গোঔ্) = আমি যাবো
I shall eat (আই্ শ্যাল্ ঈট্) = আমি খাবো
I shall run (আই্ শ্যাল্ রান্) = আমি দৌড়াবো
I shall play (আই্ শ্যাল্ প্লেই) = আমি খেলবো
I shall fly (আই্ শ্যাল্ ফ্লাই) = আমি উড়বো
I shall read (আই্ শ্যাল্ রীড্) = আমি পড়বো
I shall win (আই্ শ্যাল্ উয়িন্) = আমি জিতবো
I shall love (আই্ শ্যাল্ লাভ্) = আমি ভালোবাসবো
I shall hate (আই্ শ্যাল্ হেইট্) = আমি ঘৃণা করবো
I shall drink (আই্ শ্যাল ড্রিংক্) = আমি পান করবো
I shall take (আই্ শ্যাল্ ঠেইক্) = আমি নিবো
I shall like (আই্ শ্যাল্ লাইক্) = আমি পছন্দ করবো

READ Loudly

I shall sleep (আই্ শ্যাল্ স্লীপ্) = আমি ঘুমাবো
I shall agree (আই্ শ্যাল্ অ্যাগ্রী) = আমি রাজি হবো

I shall walk (আই্ শ্যাল্ ওআক্) = আমি হাঁটবো
I shall think (আই্ শ্যাল্ থিংক্) = আমি চিন্তা করবো
I shall sit (আই্ শ্যাল্ সিট্) = আমি বসবো
I shall talk (আই্ শ্যাল্ ঠঅ্ক্) = আমি বলবো
I shall write (আই্ শ্যাল্ রাইট্) = আমি লিখবো
I shall show (আই্ শ্যাল্ শোঔ্) = আমি দেখাবো
I shall listen (আই্ শ্যাল্ লিসেন্)= আমি শুনবো
I shall work (আই্ শ্যাল্ ওয়ার্ক্) = আমি কাজ করবো
I shall plan (আই্ শ্যাল্ প্ল্যান্) = আমি প্ল্যান করবো
I shall help (আই্ শ্যাল্ হেল্প্) = আমি সাহায্য করবো
I will dream (আই্ উয়িল্ ড্রীম্) = আমি স্বপ্ন দেখবো
I will stand (আই্ উয়িল্ স্ট্যান্ড্) = আমি দাঁড়াবো

✳ I এবং we-এর সাথে will-ও ব্যবহৃত হয়।

I will enjoy (আই্ উয়িল্ য়েন্জয়্) = আমি মজা করবো
I will feed (আই্ উয়িল্ ফীড্) = আমি খাওয়াবো

পড়ে না বুঝলে, শুনে কিভাবে বুঝবে ?!

আমরা পড়ে বুঝি না; তাই, CNN / BBC শুনেও আমরা বুঝি না ।

" স্যার, এমন **একটা বই** দেন যাতে

সব **English** শেখা হয়ে যায় !! "

এটার উত্তর !

আমরা কিন্তু **একটা বই** পড়ে বা **একটা কোর্স** করে

তিন মাসে মাতৃভাষা বাংলা শিখি নাই।

মাতৃভাষা বাংলা শিখতেই লেগেছে

আমাদের ১০/১২ বৎসর।

আমাদের যার যার পারিবারিক, সামাজিক পরিবেশে

বাবা-মা, ভাই-বোন, দাদা-দাদী, নানা-নানী,

চাচা-মামা, খালা-খালু,

ফুফাতো-মামাতো-খালাতো ভাই-বোনদের সাথে

আধো আধো কথা বলা শুরু করে

দিন-রাত বাংলায় কথা বলতে বলতে

বাংলায় ভালো দক্ষতা আসতে আমাদের লেগে যায়

জীবনের ১০ / ১২ বৎসর।

অথচ **ইংরেজি শেখার** ক্ষেত্রে আমরা বলি,

'স্যার, এমন একটা বই দেন, এমন একটা কোর্স দেন

যাতে একটা দিয়ে সব হয়ে যায়।'

আসলে এটা অবাস্তব আবদার।

একটা **ঔষধ** দিয়ে যেমন সব রোগ সারে না,

তেমনি, মাত্র একটা **বই** দিয়ে বা একটা **কোর্স** করে

সব English শেখা যাবে না।

কেউ যদি মাত্র একটা ঔষধ খেয়ে সব রোগ সারাতে চায়,

তাহলে তাকে হাতুড়ে ডাক্তারের ঔষধ খেয়ে

পটল তুলতে হবে।

আর এ কারণেই **ইংরেজিতে দক্ষ হওয়ার জন্য**

সাইফুর'স-এর **বিভিন্ন** বই।

রুল থেকে মুক্তি

যেই **পদ্ধতিতে** শেখানো হয় **রুল**,

সেই **পদ্ধতি** আসলে **ভুল** !!

গ্রামারের

শত শত রুল শিখে যে **English** **শেখা যায় না,**

এটার জলজ্যান্ত প্রমাণ হলো

১৬ কোটি বাঙালি !

স্কুল-কলেজ-ভার্সিটি জীবনে আমরা কিন্তু

প্রচুর রুল ও **structure** মুখস্থ করি ;

এর দ্বারা গ্রামার শেখা হয়,

কিন্তু **English শেখা** হয় **না**।

সৃষ্টিকর্তা তথা **আল্লাহ তাআলা**

কিন্তু **গ্রামার** দিয়ে ভাষা শেখার নিয়ম সৃষ্টি করেননি।

গ্রামার দিয়ে ভাষা শেখার ব্যাপারটা আবিষ্কার করেছে গ্রামারিয়ানরা ;

ফলে, ভাষা শেখাটা হয়ে গিয়েছে কঠিন !!

গবেষণায় পাওয়া গিয়েছে :

কোনো **নতুন** জিনিস শিখতে

সেটাকে কমপক্ষে আট বার **Repeat** করতে হয় ;

আর কোনো কিছুকে **অভ্যাসে পরিণত** করতে হলে

সেটাকে কমপক্ষে ২৮ দিন **Repeat** করতে হবে।

তার মানে, একটা জিনিসকে **অভ্যাসে পরিণত** করতে হলে

২৮ দিনে হাজার হাজার বার ঐ কাজটি করতে হবে !

ভাষা হলো আসলে একটা অভ্যাসের ব্যাপার।

এই বইয়ের **একই ধরনের** বাক্যগুলো বার বার পড়লে

ঐ বাক্যের **structure** বা **রুল** আপনা-আপনি

মনে-মগজে-মস্তিষ্কে-স্নায়ুতে গেঁথে যাবে,

যেভাবে কিনা বাংলা ভাষা

আমার-তোমার মন মগজের গভীরে গেঁথে গিয়েছে

ছোটকাল থেকে বার বার বলার দ্বারা।

আমরা কিন্তু কখনোই বলি না

“আমি ভাত **খাও**’

অথচ বাংলা ভাষা শেখার সময়

আমরা কিন্তু কোনো বাংলা **tense** শিখি নাই !!

একজন নিরক্ষর **কৃষক** ভাই কিন্তু

কখনোই **'আমি ভাত খাও'** এর মত ভুল বাংলা বলেন না।

ব্যাকরণ না জেনেই

তিনি **সঠিক** বাংলাতেই কথা বলেন।

English-এর **foundation** মজবুত হলে

① **Vocabulary** মনে রাখা সহজ হবে।

② **JSC, HSC,** ভার্সিটি ভর্তি, **SSC,**
BBA, MBA, ব্যাংক জব, **BCS, IELTS**
প্রভৃতি যেকোনো **English** আয়ত্ব করা সহজ হবে।

③ **English** বানিয়ে লেখার দক্ষতা তৈরি হবে।

কচু পাতার উপর থেকে যেমন পানি

ভেসে চলে যায়,

তেমনিভাবে **Vocabulary** আমাদের **মগজ** থেকে

ভেসে চলে যায়

English-এর **foundation** দুর্বল হওয়াতে !!

" স্যার, PSC / JSC / SSC /

ভার্সিটি ভর্তি / HSC / ব্যাংক JOB / BCS-এর

English প্রশ্ন কমন আসবে নাকি

এই বই থেকে ? "

এই উত্তরটি মন দিয়ে পড়ুন

এই **বই**য়ের লেসনগুলো হলো

ইংরেজির Foundation !

একটি বিল্ডিংয়ের যেমন **foundation** থাকে,
তেমনি **এই বই** হল ইংরেজির **foundation** ।

একটি বিশতলা বিল্ডিংয়ের **১৯ তলায়** একজন থাকেন,
আরেক জন থাকেন ১১ তলায়,
আরেক জন থাকেন ৬ষ্ঠ তলায়।

এই তিনজনেরই **foundation** কিন্তু একই।

এমন না যে, তিনজন তিনটি

ভিন্ন ভিন্ন তলায় থাকেন বলে

তিনজনের **foundation** তিন রকম।

ঠিক একইভাবে,

তুমি হয়তো **ব্যাংক** পরীক্ষা দিবে,

তোমার ছোট ভাই **HSC** পরীক্ষা দিবে এবং

বোন **ক্লাস থ্রীতে** পড়ে।

তোমাদের তিনজনেরই

ইংরেজি **foundation** তৈরির জন্য

এই **বইটাই** পড়তে হবে।

গ্রামারের **foundation** তৈরির জন্য

ব্যতিক্রমী বই হলো

S@ifur's পাস্‌পোর্‌ট্‌ to গ্রামার !

ক্লাস # 05 - B

নতুন vocabulary শিখে sentence বানানো যাক:

DO (ডু) করা	**THAT** (দ্যাট্) ঐটা	**GENERALLY** (জেন্‌রালি) সাধারণত
SPEAK (স্পীক্) কথা বলা	**LESSON** (লেসন্) পাঠ	**HOME** (হোঔম্) বাসা

I AM SPEAKING NOW.
আই্ অ্যাম্ স্পীকিং নাউ্।
বাংলা আমি এখন কথা বলছি।

০১. **প্রশ্ন**

ARE YOU SPEAKING ?
আর্ ইউ্ স্পীকিং ?
বাংলা তুমি কি কথা বলিতেছ = বলছো?

উত্তর

YES, I AM SPEAKING.
ইয়েস্, আই্ অ্যাম্ স্পীকিং .
বাংলা হ্যাঁ, আমি কথা বলছি।

অথবা, না-বোধক উত্তর দেওয়ার জন্য

NO, I AM NOT SPEAKING.
নোঔ, আই্ অ্যাম্ নট্ স্পীকিং
বাংলা না, আমি কথা বলছি না।

I SPEAK GENERALLY.
আই্ স্পীক্ জেন্‌রালি।
বাংলা আমি সাধারণত কথা বলি।

২। **প্রশ্ন**

DO YOU SPEAK IN ENGLISH ?
ডু ইউ্ স্পীক্ ইন্ ইংলিশ্ ?
বাংলা তুমি কি ইংরেজিতে কথা বলো ?

উত্তর

YES, I SPEAK IN ENGLISH.
ইয়েস্, আই্ স্পীক্ ইন্ ইংলিশ্ ।
বাংলা হ্যাঁ, আমি ইংরেজিতে কথা বলি।

অথবা, না-বোধক উত্তর দেওয়ার জন্য

NO, I DO NOT SPEAK IN ENGLISH.
নোঔ্, আই্ ডু নট্ স্পীক্ ইন্ ইংলিশ্ ।
বাংলা না, আমি ইংরেজিতে কথা বলি না।

বি.দ্র. ইংরেজরা *speak English, speak Spanish* এভাবে বলে কিন্তু আমরা ইংরেজিতে, স্প্যানিশে মানে তে, এ প্রভৃতি বুঝাতে *speak in English, speak in Arabic* এভাবে বলতে অভ্যস্ত হয়ে গেছি। এভাবেও হয়।

PRESENT (প্রেযেন্ট্)	**CONTINUOUS** (খন্ঠিনিউ্আস্)	**SIMPLE** (সিম্পল্)
= বর্তমান	= চলমান / অব্যাহত = *continue* হচ্ছে এমন।	= সাদামাটা

০২. **প্রশ্ন** What is the difference between the present continuous and
হোয়াট্ ইয্ দা ডিফ্রেন্স্ বিঠুইন্ দা প্রেযেন্ট্ খন্ঠিনিউ্আস্ অ্যান্ড্
the present simple? (*present continuous* এবং *present simple*-এর মধ্যে পার্থক্য কী?)
দা প্রেযেন্ট্ সিম্পল্ ?

উত্তর

The difference between the 'present continuous' and the 'present simple' is that we use the 'present continuous' for an action which we are doing now, while we use the 'present simple' for an action which we do generally.

উত্তরের বাংলা

Present continuous এবং *present simple* এর মধ্যে পার্থক্য হলো এই যে আমরা *use* করি *present continuous* এমন একটা *action*-এর জন্য যেটা আমরা করছি এখন, আর আমরা ব্যবহার করি *present simple* এমন একটা *action*-এর জন্য যেটা আমরা সাধারণত করি।

০৩. What is the meaning of the word "do" **in these two sentences:**
1. Do I go **?** and 2. I do not go.

উত্তর

The meaning of the word "do" is "করা", but here in these two sentences 'do' is an auxiliary verb and means nothing, but we use it for the interrogative and negative.

উত্তরের সাবলীল বাংলা

"Do" শব্দটির অর্থ হচ্ছে "করা", কিন্তু এখানে এই দুটো বাক্যে "Do" শব্দটি একটি auxiliary verb (সাহায্যকারী ক্রিয়া) হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং এখানে do-এর কোনো অর্থ নেই।

"Do" শব্দটি আমরা প্রশ্নবোধক এবং নেগেটিভ্ বাক্যের জন্য ব্যবহার করি। আর positive বাক্য (যেমন: I go)-তে কিন্তু do নেই।

হ্যাঁ-বোধক বাক্য

I SPEAK.
আই্ স্পীক্।
বাংলা আমি কথা বলি।

YOU SPEAK.
ইউ্ স্পীক্।
বাংলা তুমি কথা বল্।

HE SPEAKS / SHE SPEAKS.
হী স্পীক্স্ / শী স্পীক্স্ ।
বাংলা সে কথা বলে।

You (= তুমি) একজন হলেও
you speak হবে।

He / She একজন। তাই,
speak-এর পরে 's' হলো।

WE SPEAK.
উঈ্ স্পীক্।
বাংলা আমরা কথা বলি।

YOU SPEAK.
ইউ্ স্পীক্।
বাংলা তোমরা কথা বল্।

THEY SPEAK.
দেই্ স্পীক্।
বাংলা তারা কথা বলে।

প্রশ্ন-বোধক বাক্য

DO I SPEAK ?
ডু আই্ স্পীক্ ?
বাংলা আমি কি কথা বলি ?

DO YOU SPEAK ?
ডু ইউ্ স্পীক্ ?
বাংলা তুমি কি কথা বল্ ?

DOES HE SPEAK ?
ডায্ হী স্পীক্ ?
বাংলা সে কি কথা বলে ?

DO WE SPEAK ?
ডু উঈ্ স্পীক্ ?
বাংলা আমরা কি কথা বলি ?

DO YOU SPEAK ?
ডু ইউ্ স্পীক্ ?
বাংলা তোমরা কি কথা বল্ ?

DO THEY SPEAK ?
ডু দেই্ স্পীক্ ?
বাংলা তারা কি কথা বলে ?

না-বোধক বাক্য

I DO NOT SPEAK.
আই্ ডু নট্ স্পীক্
বাংলা আমি কথা বলি না।

YOU DO NOT SPEAK.
ইউ্ ডু নট্ স্পীক্
বাংলা তুমি কথা বল না।

HE DOES NOT SPEAK.
হী ডাঝ্ নট্ স্পীক্
বাংলা সে কথা বলে না।

WE DO NOT SPEAK.
উঈ্ ডু নট্ স্পীক্।
বাংলা আমরা কথা বলি না।

YOU DO NOT SPEAK.
ইউ্ ডু নট্ স্পীক্।
বাংলা তোমরা কথা বল না।

THEY DO NOT SPEAK.
দেই্ ডু নট্ স্পীক্।
বাংলা তারা কথা বলে না।

present continuous tense

০৪. **প্রশ্ন** **ARE YOU SPEAKING BANGLA ?**
আর্ ইউ্ স্পিকিং বাংলা ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি বাংলাতে কথা বলছ ?

উত্তর No, I am not speaking Bangla, but I am speaking English.
নোঔ্, আই্ অ্যাম্ নট্ স্পীকিং বাংলা, বাট্ আই্ অ্যাম্ স্পীকিং ইংলিশ।

বাংলা না, আমি বাংলা বলছি না, বরং আমি ইংলিশ বলছি।

০৫. **প্রশ্ন** **DO YOU SPEAK BANGLA?** **উত্তর** Yes, I speak Bangla.
ডূ ইউ্ স্পীক্ বাংলা ? ইয়েস, আই্ স্পীক্ বাংলা।

বাংলা তুমি কি বাংলা বলো ? **বাংলা** হ্যাঁ, আমি বাংলা বলি।

০৬. **প্রশ্ন** **ARE YOU READING THAT BOOK ?**
আর্ ইউ্ রীডিং দ্যাট্ বুক্ ?

বাংলা তুমি কি ঐ বইটি পড়ছো ?

উত্তর No, I am not reading that book.
নোঔ্, আই্ অ্যাম্ নট্ রীডিং দ্যাট্ বুক্।

উত্তরের সাবলীল বাংলা না, আমি ঐ বইটি পড়ছি না।

০৭. **প্রশ্ন** **DO YOU READ THAT BOOK ?**
ডূ ইউ্ রীড্ দ্যাট্ বুক্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি ঐ বইটি পড় ?

simple present tense

উত্তর Yes, I read that book. **বাংলা** হ্যাঁ, আমি ঐ বইটি পড়ি।

আরো উদাহরণ

1. Are you speaking Hindi ? ► No, I am not speaking Hindi, but I am speaking Bangla.
2. Are you speaking Arabic ? ► No, I am not speaking Arabic, but I am speaking Bangla.
3. Are you reading that paper? ► No, I am not reading that paper.
4. Do you read that paper? ► Yes, I read that paper.

5. I speak Hindi.
6. They speak German.
7. He speaks Russian.
8. You speak Chinese.

" সাঁতার হলো পানিতে, ভাষা হলো মুখে "।

০৮ **প্রশ্ন** ARE YOU WRITING ?
আর ইউ রাইটিং ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি লিখছো ?

উত্তর No, I am not writing.
নোউ, আই অ্যাম নট রাইটিং।

উত্তরের সাবলীল বাংলা না, আমি লিখছি না।

০৯ **প্রশ্ন** DO YOU WRITE ?
ডু ইউ রাইট ?

সাবলীল বাংলা তুমি কি লিখ ?

উত্তর Yes, I write.
ইয়েস্, আই রাইট।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, আমি লিখি।

১০ **প্রশ্ন** AM I GOING TO THE DOOR ?
অ্যাম আই গোওইং টু দা ডোওর ?

সাবলীল বাংলা আমি কি দরজার দিকে যাচ্ছি ?

তোমার **English** হয়ে যাবে
বাংলার মতো
বাক্যগুলো জোরে পড়লে ও
দেখে লিখলে !

উত্তর

No, $\underbrace{\text{you are not going}}_{\text{তুমি যাচ্ছ না}}$ $\underbrace{\text{to the door,}}_{\text{দরজার দিকে,}}$ but $\underbrace{\text{you are remaining}}_{\text{তুমি থেকে যাচ্ছ}}$ $\underbrace{\text{on the chair.}}_{\text{চেয়ারে।}}$

না, তুমি যাচ্ছ না দরজার দিকে, কিন্তু তুমি থেকে যাচ্ছ চেয়ারে।

সাবলীল বাংলা না, তুমি দরজার দিকে যাচ্ছ না, কিন্তু, তুমি চেয়ারে থেকে গিয়েছো।

Similar বাক্য No, I am not going out, but I am remaining in the room.

সাবলীল বাংলা না, আমি বাইরে যাচ্ছি না, কিন্তু আমি রুমে রয়ে গিয়েছি।

১১. **প্রশ্ন** DO I GO TO THE DOOR AFTER THE LESSON ?
ডু আই গোউ টু দা ডোওর্ আফটার্ দা লেস্ন্ ?

প্রশ্নের বাংলা অর্থ পাঠ শেষ করে আমি কি দরজার দিকে যাই ?

উত্তর Yes, you go to the door after the lesson.
ইয়েস্, ইউ গোউ টু দা ডোওর্ আফ্টার্ দা লেস্ন্।

বাংলা অর্থ হ্যাঁ, পাঠ শেষ করে তুমি দরজার দিকে যাও।

এ রকম একটি বাক্য Yes, I go home after the class. (হ্যাঁ, ক্লাশ শেষে আমি বাসায় যাই।)

১২. **প্রশ্ন** ARE YOU GOING HOME ?
আর্ ইউ্ গোঔ্ইং হোঔ্ম্ ?

সাবলীল বাংলা তুমি কি বাসায় যাচ্ছ ?

উত্তর No, I am not going home, bu I am remaining in the room.
না, আমি যাচ্ছি না বাসায়, কিন্তু আমি রয়ে গিয়েছি রুমে

উত্তরের সাবলীল বাংলা না, আমি বাড়িতে যাচ্ছি না, কিন্তু আমি রুমে রয়ে গিয়েছি।

১৩. **প্রশ্ন** DO YOU GO HOME AFTER THE LESSON ?
ডূ ইউ্ গোঔ্ হোঔ্ম্ আফ্ঠার্ দা লেস্ন্ ?

প্রশ্নের বাংলা অর্থ পাঠ শেষ করে তুমি কি বাসায় যাও ?

উত্তর Yes, I go home after the lesson.
ইয়েস্, আই্ গোঔ্ হোঔ্ম্ আফ্টার্ দা লেস্ন্।

বাংলা হ্যাঁ, আমি বাসায় যাই পাঠ-এর পরে।

Reading loudly will increase your FLUENCY

প্রশ্ন	উত্তর
• Are we writing ? (আমরা কি লিখছি?)	► No, you are not writing. (না, তোমরা লিখছ না।)
• Do we write ?	► Yes, you write.
• Are they reading ?	► No, they are not reading.
• Do they read ?	► Yes, they read.
• Are you going to the room?	► No, I am not going to the room, but I am remaining on the chair.
• Are they going home?	► No, they are not going home, but they are remaining in the class.

- Do you go to the bed after lunch?
  - ► Yes, I go to the bed after lunch.
  - ► No, I do not go to the bed after lunch, but I go to the bed after the lesson .

অনর্গল ইংলিশে কথা বলতে পারবে এই বই খতম দিলে।

নতুন শব্দ শিখি

DOES (ডায্)

The third person of "do" is "does" : I do; you do; he does.
দা থার্ড্ পার্‌সন্ অফ্ "ডু" ইয্ "ডায্" : আই্ ডু; ইউ্ ডু; হী ডায্।

বাংলা *Do*-এর থার্ড্ পার্‌সন্ হচ্ছে *Does*.:
: *I do* (আমি করি), *You do* (তুমি কর), *He does* (সে করে)।

We use "s/es" in the third person.
উঈ্ ইউ্য্ "s/es" ইন্ দা থার্ড্ পার্‌সন্।

বাংলা আমরা **'s/es'** ব্যবহার করি *Third* পার্‌সন্ Singular-এর ক্ষেত্রে।
যেমন: *he, she, it,* রুবেল, মিলি ইত্যাদি।

For example, I speak, You speak, He speaks etc. (= et cetera)
উদাহরণস্বরূপ, আই্ স্পীক্, ইউ্ স্পীক্, হী স্পীক্স্ এট্‌সেট্রা।
যেমন: *I speak* (আমি বলি), *You speak* (তুমি বলো), সে (পুরুষ) কথা বলে ইত্যাদি।
(First person) (Second person) (Third person)

১৪.	**প্রশ্ন** IS HE SPEAKING ? ইয্ হী স্পীকিং ? **বাংলা** সে কি কথা বলছে ?	**উত্তর** No, he isn't speaking. নোঔ্, হী ইযন্ট্ স্পীকিং। **বাংলা** না, সে কথা বলছে না।
১৫.	**প্রশ্ন** DOES HE SPEAK ? **বাংলা** সে কি কথা বলে ?	**উত্তর** Yes, he speaks. **বাংলা** হ্যাঁ, সে কথা বলে।
১৬.	**প্রশ্ন** IS SHE READING (রীডিং) ? **বাংলা** সে কি পড়তেছে ?	**উত্তর** No, she isn't reading. **বাংলা** না, সে পড়তেছে না।

দেখে দেখে sentence-গুলো তুমি লিখলে তোমার Writing ক্ষমতা বাড়বে।

১৭. **প্রশ্ন** DOES SHE READ ? **উত্তর** Yes, she reads.
সাবলীল বাংলা সে কি পড়ে ? **সাবলীল বাংলা** হ্যাঁ, সে পড়ে ।

১৮. **প্রশ্ন** IS HE WRITING ? **উত্তর** No, he isn't writing.
সাবলীল বাংলা সে কি লিখিতেছে = লিখছে ? **সাবলীল বাংলা** না, সে লিখছে না।

১৯. **প্রশ্ন** DOES HE WRITE ? **উত্তর** Yes, he writes.
সাবলীল বাংলা সে কি লিখে ? **সাবলীল বাংলা** হ্যাঁ, সে লিখে ।

Practice will make you perfect.

প্রশ্ন		উত্তর
01. Is he going ?	►	No, he isn't going.
02. Does he go ?	►	Yes, he goes.
03. Is he eating ?	►	No, he isn't eating.
04. Does he eat ?	►	Yes, he eats.
05. Is he running ?	►	No, he isn't running.
06. Does he run ?	►	Yes, he runs.
07. Is he coming ?	►	No, he isn't coming.
08. Does he come ?	►	Yes, he comes.
09. Is he playing ?	►	No, he isn't playing.
10. Does he play ?	►	Yes, he plays.
11. Is he singing ?	►	No, he isn't singing.
12. Does he sing ?	►	Yes, he sings.
13. Is he sleeping ?	►	No, he isn't sleeping.
14. Does he sleep ?	►	Yes, he sleeps.

খেয়াল করো

1. Does he goes
2. Does he eats
3. Does he runs

উপরের বাক্যগুলো
কিন্তু ভুল।

1. Does he go?
2. Does he eat?
3. Does he run?

হলো সঠিক।
তার মানে,
প্রশ্নবোধক বাক্যে '**s**' টা
চলে এসছে
he / she-এর আগে,
Do-এর সাথে।

Let us learn new words and their (= সেগুলোর) use

DO (ডু)	NOT (নট্)	REMAIN (রিমেইন্)	JAPANESE	CHINESE
= করা	= না	= রয়ে যাওয়া	= জাপানিয়	= চাইনিয়

(A) The negative of "do" is "do not". (= **Do-এর না-বোধক হচ্ছে** "*do not*")
দা নেগেটিভ অফ "do" ইয় "ডু নট্"

(B) The contraction of "do not" is "don't". (= **Do not-এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে** "*don't*".)
দা কন্ট্র্যাকশন্ অফ "do not" ইয্ "ডোণ্ট্".

২০. **প্রশ্ন** WHAT IS THE NEGATIVE OF "DO" ?

বাংলা "DO"-এর না-বোধক কী ?

উত্তর The negative of "do" is "do not".

বাংলা "DO"-এর না-বোধক হলো "do not"।

২১. **প্রশ্ন** WHAT IS THE CONTRACTION OF "DO NOT" ?

বাংলা "DO NOT"-এর কন্-ট্র্যাক্‌শন্ বা সংক্ষিপ্ত রূপ কী ?

উত্তর The contraction of "do not" is "don't".

বাংলা "DO NOT"-এর সংক্ষিপ্ত রূপ হলো "don't".

প্রশ্ন	উত্তর
1. What is the negative of "is" ? (*"is"*-এর নেগেটিভ কী?)	► The negative of "is" is "is not". (*"is"*-এর নেগেটিভ হল *"is not"*)
2. What is the contraction of "is not" ?	► The contraction of "is not" is "isn't". (ইয্‌ন্‌ট্)
3. What is the negative of "are" ?	► The negative of "are" is "are not".
4. What is the contraction of "are not" ?	► The contraction of "are not" is "aren't". (আরন্‌ট্)
5. What is the negative of "yes" ?	► The negative of "yes" is "no".

২২. **প্রশ্ন** DO YOU SPEAK JAPANESE ?

বাংলা তুমি কি জাপানী ভাষাতে কথা বল ?

উত্তর No, I do not speak Japanese, but I speak Bangla (বাংলা).

বাংলা না, আমি জাপানী ভাষাতে কথা বলি না, কিন্তু আমি বাংলা বলি।

বাংলাকে লেখা হয় Bengali। এটা ১০০% ভুল।
নাম তো পরিবর্তন হতে পারে না।

প্রশ্ন	উত্তর
1. Do you speak Hindi ?	► No, I do not speak Hindi, but I speak English.
2. Do you speak Arabic ?	► No, I do not speak Arabic, but I speak Bangla.
3. Do you speak French ?	► No, I do not speak French, but I speak English.
4. Do you speak Hindi ?	► No, I do not speak Hindi, but I speak English.

২৩. **প্রশ্ন** DO YOU READ BOOKS IN CHINESE ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি চাইনিজ ভাষাতে বই পড় ?

উত্তর No, I do not read books in Chinese, but I read books in Bangla

উত্তরের সাবলীল বাংলা না, আমি চাইনিজ ভাষাতে বই পড়ি না, কিন্তু আমি বাংলা ভাষাতে বই পড়ি।

Perfect practice makes perfect.

প্রশ্ন	উত্তর
1. Do you read books in Hindi ?	► No, I do **not** read books **in** Hindi, but I read books **in** English.
2. Do you read books in German ?	► No, I do **not** read books **in** German, but I read books **in** Bangla.
3. Do you read books in Spanish ?	► No, I do **not** read books **in** Spanish, but I read books **in** English.
4. Do you read books in English ?	► No, I do **not** read books **in** English, but I read books **in** Bangla.

নতুন শব্দ শিখি **DOESN'T (ডায়ন্ট্)**

The negative of “does” is “does not”, and the contraction is “doesn’t”.

বাংলা অর্থ “*does*”-এর না-বোধক হলো “*does not*” এবং সংক্ষিপ্ত রূপ হলো “*doesn’t*”.

২৪. **প্রশ্ন** WHAT IS THE NEGATIVE OF “DOES” ?

প্রশ্নের সাবলীল বাংলা “DOES”-এর নেগেটিভ্ কী ?

উত্তর The negative of “does” is “does not”.

উত্তরের সাবলীল বাংলা “*does*”-এর নেগেটিভ্ অর্থ হলো “*does not*”।

২৫. **প্রশ্ন** WHAT IS THE CONTRACTION OF “DOES NOT” ?

প্রশ্নের বাংলা অর্থ “DOES NOT”-এর সংক্ষিপ্ত রূপ কী ?

উত্তর The contraction of “does not” is “doesn’t”

উত্তরের সাবলীল বাংলা “*does not*”-এর সংক্ষিপ্ত রূপ হলো “*doesn’t*” (ডায়ন্ট্)।

২৬. **প্রশ্ন** DOES HE SPEAK JAPANESE ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কি জাপানী ভাষায় কথা বলে ?

উত্তর No, he does not speak Japanese, but he speaks Bangla.

উত্তরের সাবলীল বাংলা না, সে জাপানী ভাষাতে কথা বলে না, কিন্তু, সে কথা বলে বাংলায়।

২৭. **প্রশ্ন** $\underbrace{\text{DOES HE REMAIN}}_{\text{সে কি থাকে}}$ $\underbrace{\text{HERE}}_{\text{এখানে}}$ $\underbrace{\text{AFTER THE LESSON}}_{\text{পাঠের পরে}}$?

প্রশ্নের সাবলীল বাংলা লেসন্ শেষে বা পাঠ শেষে সে কি এখানে থাকে ?

উত্তর

No,	he does not remain	here	after the lesson,	but	he goes home	after the lesson
না,	সে থাকে না	এখানে	পাঠের পরে,	কিন্তু	সে বাড়ি যায়	পাঠের পরে

সাবলীল বাংলা না, পাঠের পরে সে এখানে থাকে না, বরং পাঠ শেষে সে বাসায় যায়।

প্রশ্ন	উত্তর
• Does he remain here after the class?	► No, he does not remain here after the class, but he goes to the library after the class.
• Does he remain here after the dinner?	► No, he does not remain here after the dinner, but he goes to bed after the dinner.

২৮. **প্রশ্ন** DOES HE WRITE IN GERMAN ?

সাবলীল বাংলা সে কি জার্মান ভাষায় লিখে ?

উত্তর

No,	he does not write	in German,	but	he writes	in Bangla.
না,	সে লিখে না	জার্মান ভাষায়,	কিন্তু	সে লিখে	বাংলায়।

সাবলীল বাংলা না, সে জার্মান ভাষায় লিখে না, বরং সে বাংলায় লিখে।

জোরে জোরে পড়ো

প্রশ্ন	উত্তর
• Does he speak French ? (সে কি ফ্রেঞ্চ বলতে পারে?)	► No, he does not speak French, but he speaks Hindi. (না, সে ফ্রেঞ্চ ভাষায় কথা বলে না, বরং সে হিন্দি বলে।)
• Does he speak Arabic ?	► No, he does not speak Arabic, but he speaks Hindi.
• Does he speak Russian ?	► No, he does not speak Russian, but he speaks Urdu.
• Does she write in Hindi ?	► No, she does not write in Hindi, but she writes in English.

"নিজে নিজেই ইংরেজি চর্চা করি"


প্রশ্ন করে উত্তর দেবে, !
এর চেয়ে সোজা
আর কি হবে ? !

প্রথম কাজঃ বইয়ের প্রশ্ন আর উত্তর বুঝি।

(ক) প্রশ্নটি জোরে জোরে পড়ো।!

(খ) প্রশ্নের বাংলাটি জোরে জোরে পড়ো ।

(গ) এবার উত্তরটি জোরে জোরে পড়ো।

এবার প্রশ্ন এবং উত্তর নিয়ে ভাবুন। সময় ১ মিনিট।

দ্বিতীয় কাজঃ নতুন প্রশ্ন নিজে বানাই।

(ক) খেয়াল করি প্রশ্নে কী বিষয়ে কথা হল।
যেমনঃ Does he speak Japanese ?

এখানে Japanese নিয়ে কথা বলা হচ্ছে।

(খ) এবার বিষয়টি বদলে দেই।
যেমনঃ Does he speak English ?

অর্থাৎ এখানে Japanese-এর বদলে English বললে হয়ে গেলো একটি নতুন প্রশ্ন!!

তৃতীয় কাজঃ উত্তর নিজে বানাই।

(ক) "Does he speak Japanese ?"
এই প্রশ্নটির উত্তর খেয়াল করি।

উত্তর হল- No, he does not speak Japanese, but he speaks Chinese.

(খ) তাহলে, একটু ভাবি "Does he speak Japanese?"
প্রশ্নটির উত্তর যদি হয় - No, he does not speak Japanese, but he speaks Chinese.
তবে, Does he speak English ?

এর উত্তর কি হবে? উত্তরটি হবে- No, he does not speak English, but he speaks Bangla.
আবার English বদলে French–! Bangla! I̧ĢŐĽ Italian দিলে হয়ঃ-
No, he does not speak French, but he speaks Italian.

“ নিচের সেন্‌ঠেন্‌স্‌-গুলোর অর্থ নিজেই বুঝতে পারবে যদি আগের পেইজগুলো পড়ে থাকো ”

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন,
কিন্তু **English-য়েই** অর্থ বোঝার চেষ্টা করো

01. She is crying now.
02. The boy is playing now.
03. He is shouting now.
04. She cries generally.
05. The boy plays generally.
06. He shouts generally.

he, she, it, the boy
অর্থাৎ একজন হলে
‘s’ হয়।

07. She does not want money.
08. He does not go to school.
09. She does not speak French.

└→(ডায্‌)

10. She likes. You like. He / She / It likes.
11. She cooks. You cook. He / She / It cooks.
12. I cook. They cook. Hasan cooks.
13. She cleans. You clean. He / She / it / cleans.
14. We clean. They clean. Hasan cleans.

একটু সচেতনভাবে
খেয়াল করো
‘s’ বসে কখন !

15. She is not cooking rice, but she is cooking beef.
16. He is not calling you, but he is calling her.
17. They are not helping me, but they are helping Hasan.
18. She is not going to Khulna, but she is going to Dhaka.
19. We are not buying tomato, but we are buying potato.
20. We are not going to hospital, but we are going to school.
21. They are not washing clothes, but they are selling pens.
22. He is not giving money, but he is taking money.
23. We do not remain at office after 6 pm, but we go home after 6pm.
24. She does not remain outside after 6 pm, but she returns home.
25. He does not remain home after Eid, but he comes to Dhaka.

"নতুন কিছু শেখা"-র

বড় শত্রু হলো দুটো:

(১) 'ভাল্ লাগে না'

(২) 'মনে থাকে না'

ইংলিশ শিখতে গিয়েও

স্কুল-কলেজ-ভার্সিটি জীবনে বাংলাদেশের

৯৫% student-ই

এ দু'টো সমস্যা *face* (ফেইস্) করে তথা সম্মুখীন হয়।

এর কারণ হলো কোচিং-এ / প্রাইভেট-এ / প্রচলিত বইয়ে

গ্রামারের রুল ও স্ট্রাকচার যেভাবে পড়ানো হয়,

সেগুলো **পড়লে, শুনলে** ও **দেখলে**

শিক্ষার্থীর মাথা হ্যাং হয়ে যায়।

এই বইয়ে যেভাবে বাংলা অর্থ বুঝে

বাক্য পড়ে পড়ে English শেখার

সঠিক পথ দেখানো হয়েছে,

এটাই হলো নিজে নিজে ইংলিশ শেখার একমাত্র

সহজতম, সঠিকতম ও সাশ্রয়ীতম পদ্ধতি

কেননা,

একই বাক্য বার বার বলার দ্বারা

নতুন জিনিস মাথায় গেঁথে যায়।

আর বাক্যের অর্থ বুঝতে পারলে

তৃপ্তি লাগে, **শান্তি** লাগে এবং

পড়তেও **মজা** লাগে ফলে,

মনেও থাকে !!

ক্লাস # 06 - A

LIKE (লাইক)	DISLIKE (ডিস্লাইক্)	ZOO (যুউ)	TELEVISION
= পছন্দ করা	= অপছন্দ করা	= চিড়িয়াখানা	= টেলিভিশন

নতুন শেখা শব্দগুলো দিয়ে বাক্য বানানো practice করা যাক:

০১. **প্রশ্ন** DO YOU LIKE YOUR CITY ?
ডু ইউ লাইক্ ইওর্ সিটি ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি তোমার শহর পছন্দ কর ?

উত্তর Yes, I like my city. (= হ্যাঁ, আমি আমার শহর পছন্দ করি।)
ইয়েস্, আই লাইক্ মাই সিটি।

অথবা,

No, I do not like my city.
নোঔ, আই ডু নট্ লাইক্ মাই সিটি।

উত্তরের সাবলীল বাংলা না, আমি আমার শহর পছন্দ করি না।

০২. **প্রশ্ন** DO YOU DISLIKE THE ZOO ?
ডু ইউ ডিস্লাইক্ দা যুউ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি চিড়িয়াখানা অপছন্দ কর ?

উত্তর No, I do not dislike the zoo, but I like the zoo.
নোঔ, আই ডু নট্ ডিয্লাইক্ দা জু, বাট্ আই লাইক্ দা জু।

বাংলা না, আমি চিড়িয়াখানা অপছন্দ করি না, বরং আমি চিড়িয়াখানা পছন্দ করি।

আরো উদাহরণ

1. I do not dislike chicken, but I like chicken.
2. I do not dislike potatoes, but I like potatoes.
3. He does not dislike flowers, but he likes flowers.

০৩. **প্রশ্ন** DO YOU LIKE THAT PICTURE ?
ডু ইউ লাইক্ দ্যাট্ পিক্চার্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি ঐ ছবিটা পছন্দ কর ?

উত্তর Yes, I like that picture. (= হ্যাঁ, আমি ঐ ছবিটা পছন্দ করি।)
হ্যাঁ, আই লাইক্ দ্যাট্ পিক্চার্।

০৪. **প্রশ্ন** DO YOU DISLIKE TELEVISION ? (তুমি কি টেলিভিশন অপছন্দ কর ?)
ডু ইউ ডিস্লাইক্ টেলিভিশন ?

উত্তর No, I do not dislike television.
নোঔ, আই ডু নট্ ডিস্লাইক্ টেলিভিশন।

উত্তরের সাবলীল বাংলা না, আমি টেলিভিশন অপছন্দ করি না।

০৫. **প্রশ্ন** DOES HE DISLIKE TELEVISION ? (= সে কি টেলিভিশন অপছন্দ করে?)
ডায্ হী ডিয্লাইক্ টেলিভিশন ?

উত্তর No, he $\underbrace{\text{does not}}_{\text{(ডায্নট্)}}$ dislike television.
নোঔ, হী (ডায্নট্) ডিস্লাইক্ টেলিভিশন।

উত্তরের সাবলীল বাংলা না, সে টেলিভিশন অপছন্দ করে না।

ABOUT (অ্যাবাউট্) - প্রায়; কম-বেশি; **PAGE** (পেইজ্) - পৃষ্ঠা

০৬. ABOUT HOW MANY PEOPLE ARE THERE IN YOUR COUNTRY ?
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
অ্যাবাউট হাউ মেনি পীওপ্ল্ আর্ দেয়ার্ ইন্ ইওর্ কান্ট্রি ?

সাবলীল বাংলা তোমার দেশে প্রায় কতজন মানুষ আছে ?

উত্তর There are about 170 million people in my country. Ⓐ
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
দেয়ার্ আর্ অ্যাবাউট্ ১৭০ মিলিয়ন্ পীওপ্ল্ ইন্ মাই কান্ট্রি।

সাবলীল বাংলা প্রায় ১৭ কোটি লোক আছে আমার দেশে।

Ⓑ *About 170 million people are in my country.*

Ⓒ *About 170 million people live in my country.*

A, B, C
বাক্য হলো
একই বক্তব্য
তিন ভাবে।

০৭. **প্রশ্ন** ABOUT HOW MANY THINGS ARE THERE IN THIS ROOM?

প্রায় কতোগুলো জিনিস আছে — এই রুমে

প্রশ্নের সাবলীল বাংলা এই ঘরে প্রায় কতোগুলো জিনিস আছে?

উত্তর

There	are	about	5	things	in	this	room.
↓	↓	↓	↓	↓	↓	↓	↓
দেয়ার্	আর্	অ্যাবাউট্	৫	থিংস্	ইন্	দিস্	রুম।

বাংলা এই ঘরে প্রায় পাঁচটি জিনিস আছে = About 5 things are in this room.

০৮. **প্রশ্ন** ABOUT HOW MANY PAGES ARE THERE IN THIS BOOK?

প্রায় কতগুলো পৃষ্ঠা আছে — এই বইয়ে

প্রশ্নের সাবলীল বাংলা এই বইয়ে প্রায় কতগুলো পৃষ্ঠা রয়েছে ?

উত্তর

There	are	about	200	pages	in	this	book
দেয়ার্	আর্	অ্যাবাউট্	২০০	পেইজেস্	ইন্	দিস্	বুক্।

বাংলা এই বইয়ে প্রায় দুইশো পৃষ্ঠা রয়েছে।

জোরে পড়ো নিচের উদাহরণগুলো

01. There are about 95 schools in Dhaka. = About **95** schools are in ...
02. There are about 50 books in this shelf. = About **50** books are in ...
03. There are about 40 students in this class. = About **40** students are in ...
04. There are about 99 houses in this area. = About **99** houses are in ...
05. There are about 40 boxes in this room. = About **40** boxes are in ...
06. There are about 9 words in this essay. = About **9** words are in ...

in Dhaka, in this factory প্রভৃতি শব্দগুচ্ছ শুরু হয়েছে **in** দিয়ে তাই *in Dhaka* হলো একটা **prepositional phrase** (ফ্রেইয্)।

চলো নতুন শব্দ শিখি

CAN (খ্যান্) - পারা

০৯. **প্রশ্ন**

CAN	YOU	SPEAK	ENGLISH	?
খ্যান্	ইউ্	স্পীক্	ইংলিশ	?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি ইংলিশ বলতে পারো ?

উত্তর

Yes,	I	can	speak	English.
ইয়েস্,	আই্	খ্যান্	স্পীক্	ইংলিশ।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, আমি ইংলিশ বলতে পারি।

১০. **প্রশ্ন**

CAN	YOU	TOUCH	THAT	BOOK	?
খ্যান্	ইউ্	ঠাচ্	দ্যাট্	বুক্	?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি ঐ বইটা স্পর্শ করতে পার ?

উত্তর

Yes,	I	can touch	that book.
হ্যাঁ,	আমি	স্পর্শ করতে পারি	ঐ বইটা

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, আমি ঐ বইটা স্পর্শ করতে পারি।

১১. **প্রশ্ন**

CAN YOU	READ AND WRITE ?
তুমি কি পারো	পড়তে এবং লিখতে ?

উত্তর

Yes,	I	can	read	and	write.
ইয়েস্	আই্	খ্যান্	রীড্	অ্যান্ড	রাইট্।

(= হ্যাঁ, আমি লিখতে এবং পড়তে পারি।)

CAN-এর ব্যবহার

1. can ***run*** = দৌড়াতে পারা
2. can ***read*** = পড়তে পারা
3. can ***talk*** = কথা বলতে পারা
4. can ***see*** = দেখতে পারা
5. can ***write*** = লিখতে পারা
6. can ***draw*** = আঁকতে পারা
7. can ***kick*** = লাথি মারতে পারা
8. can ***enter*** = ঢুকতে পারা

Can দিয়ে এই page-এর বাক্যগুলো বুঝাচ্ছে যে, কাজটি করতে পারার সক্ষমতা। যেমন: *He can read* দিয়ে বুঝানো হলো যে, পড়তে পারার ক্ষমতা তার আছে; অ, আ, ক, খ, গ - সে চিনে।

Read loudly the following sentences

1. Yes, I can cook rice.
2. Yes, she can break a record.
3. Yes, he can walk 10 miles.
4. Yes, they can come today.
5. We can open and close.
6. We can push and pull.
7. They can punish and reward.
8. Hashem can run and play.

চলো নতুন শব্দ শিখি

RIGHT (রাইট্) - ডান; LEFT (লেফ্ট্) - বাম

১২. **প্রশ্ন** WHICH HAND IS THIS ?
হুইচ্ হ্যান্ড্ ইয্ দিস্ ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কোন হাত ?

উত্তর It is your left hand.
ইট্ ইয্ ইওর্ লেফ্ট্ হ্যান্ড্।

উত্তরের সাবলীল বাংলা এটা তোমার বাম হাত।

১৩. **প্রশ্ন** WHICH HAND IS THIS ?
হুইচ্ হ্যান্ড্ ইয্ দিস্ ?

প্রশ্নের সাবলীল বাংলা এটা কোন্ হাত ?

উত্তর It is your right hand.
ইট ইয্ ইওর্ রাইট্ হ্যান্ড্।

উত্তরের সাবলীল বাংলা এটা তোমার ডান হাত।

ইংরেজি বাক্য:

PUT YOUR RIGHT HAND ON THAT BOOK, PLEASE !
পুট্ ইওর্ রাই্ট্ হ্যান্ড্ অন্ দ্যাট্ বুক্, প্লীয্ !

সাবলীল বাংলা দয়া করে ঐ বইটার উপর আপনার ডান হাত রাখুন !

১৪. **প্রশ্ন** WHAT IS HE DOING ?
হোয়াট্ ইয্ হী ডূইং ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কী করছে ?

উত্তর He is putting his right hand on that book.
হী ইয্ পুঠিং হিয্ রাই্ট্ হ্যান্ড্ অন্ দ্যাট্ বুক।

উত্তরের সাবলীল বাংলা সে তার ডান হাত ঐ বইটার উপর রাখছে।

ইংরেজি বাক্য:

CLOSE YOUR LEFT EYE, PLEASE !
ক্লোঊয্ ইওর্ লেফ্ট্ আই, প্লীয্ !

সাবলীল বাংলা দয়া করে আপনার বাম চোখ বন্ধ করুন !



১৫. **প্রশ্ন**

WHAT IS HE DOING ?
হোয়াট্ ইয্ হী ডূইং ?

সাবলীল বাংলা সে কী করছে?

উত্তর

He is closing his left eye.
হী ইয্ ক্লোঊযিং হিয্ লেফ্ট্ আই্।

সাবলীল বাংলা সে তার বাম চোখ বন্ধ করছে।

তোমার জীবনে ইংরেজি শেখার জন্য যত বই পড়েছো,
এই বইটি সেগুলো থেকে আকাশ-পাতাল ভিন্ন ।

STILL (স্টিল্) - স্থির; **MOVING** (মূভিং) - নড়ছে; **COMPLETELY** (কমপ্লীটলি) - পুরোপুরিভাবে

বাক্যের ঘটনাগুলো বাস্তবেও করো, যেমনঃ তোমার হাতটা নাড়াও

ইংলিশ বলার ক্ষেত্রে
Fast and Furious
হতে হবে !

১৬. IS MY HAND MOVING ?
ইয্ মাই হ্যান্ড্ মূভিং ?

প্রশ্নের সাবলীল বাংলা আমার হাত কি নড়ছে ?

উত্তর No, your hand is not moving, but it is still.
নোঔ্, ইওর্ হ্যান্ড ইয্ নট্ মূভিং্, বাট্ ইট্ ইয্ স্টিল্ ।

বাংলা না, তোমার হাত নড়ছে না, বরং এটি স্থির আছে।

১৭. **প্রশ্ন** AM I STANDING STILL ?
অ্যাম্ আই স্ট্যান্ডিং স্টিল্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমি কি স্থির দাঁড়িয়ে আছি ?

উত্তর No, you are not standing still, but you are moving.
নোঔ্, ইউ্ আর্ নট্ স্ট্যান্ডিং স্টিল্, বাট্ ইউ্ আর্ মূভিং।

বাংলা না, তুমি স্থির দাঁড়িয়ে নেই, বরং তুমি নড়ছো।

১৮. **প্রশ্ন** ARE ALL THE PARTS OF YOUR BODY STILL NOW ?
আর্ অল্ দা পার্টস্ অফ্ ইওর্ বডি স্টিল্ নাউ্ ?

বাংলা তোমার শরীরের সব অঙ্গগুলো কি এখন স্থির আছে ?

উত্তর No, not all the parts of my body are still now, but my mouth and my tongue are moving

বাংলা না, আমার শরীরের সব অঙ্গ এখন স্থির না, বরং আমার মুখ এবং আমার জিহ্বা নড়ছে; (যেহেতু আমি জোরে জোরে পড়ছি)

১৯. DO YOU GENERALLY SIT COMPLETELY STILL IN THE CLASS ?
ডু ইউ জেন্‌রালি সিট্‌ কম্‌প্লীট্‌লি স্টিল্‌ ইন্‌ দা ক্লাস্‌

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি সাধারণত পুরোপুরি স্থির হয়ে ক্লাসে বসো ?

উত্তর

No, I do not generally sit completely still in the class, but I move.
নোঔ্, আই ডু নট্ জেন্‌রালি সিট্ খম্‌প্লীট্‌লি স্টিল্ ইন্ দা ক্লাস্, বাট্ আই মূভ্।

বাংলা না, আমি সাধারণত পুরোপুরি স্থির হয়ে ক্লাসে বসে থাকি না, কিন্তু আমি নড়াচড়া করি।

২০. **প্রশ্ন**

DOES HE GENERALLY	SIT COMPLETELY STILL	IN THE LESSON ?
সে কি সাধারণত	পুরোপুরি স্থির হয়ে বসে	পড়ার সময় ?

বাংলা সে কি পাঠের সময় সাধারণত পুরোপুরিভাবে স্থির হয়ে বসে ?

উত্তর

No, he does not generally sit completely still in the lesson, but he moves.
নোঔ্, হী ডায্ নট্ জেন্‌রালি সিট্ কম্‌প্লীট্‌লি স্টিল্ ইন্ দা লেসন্, বাট্ হী মূভ্‌স্।

বাংলা না, সে পাঠের সময় সাধারণত পুরোপুরিভাবে স্থির হয়ে বসে থাকে না, কিন্তু সে নড়াচড়া করে।

একই ধরনের আরো বাক্য জোরে জোরে পড়ো

01. The wheel is not moving, but it is still.
02. The can is not moving, but it is still.
03. The plane is not moving, but it is still.
04. The fan is not moving, but it is still.
05. The children are not standing still, but they are moving.
06. The students are not standing still, but they are moving.
07. The cows are not standing still, but they are moving.
08. The horses are not standing still, but they are running.
09. The referee doesn't sit still during the game, but he moves.
10. Players do not stand still during the match, but they run.
11. He does not dislike Hasan, but he likes Hasan.

WEARING (ওয়্যারিং) - পরিধান (করছে); WEAR (ওয়্যার) - পরিধান করা।

২১. **প্রশ্ন** ARE YOU WEARING A HAT ? (= তুমি কি একটা টুপি পরিধান করে আছো ?)
আর্ ইউ্ ওয়্যারিং আ হ্যাট্ ?

উত্তর No, I am not wearing a hat
নোঔ্, আই্ অ্যাম্ নট্ ওয়্যারিং আ হ্যাট্।

উত্তরের সাবলীল বাংলা না, আমি একটা টুপি পরিধান করে নেই।

২২. **প্রশ্ন** DO YOU WEAR A CAP ? (= তুমি কি টুপি পরিধান কর ?)
ডু্ ইউ্ ওয়্যার্ আ খ্যাপ্ ?

উত্তর Yes, I wear a cap (= হ্যাঁ, আমি টুপি পরি।)
ইয়েস্, আই্ ওয়্যার্ আ খ্যাপ্

২৩. **প্রশ্ন** ARE YOU WEARING A COAT ?
আর্ ইউ্ ওয়্যারিং আ কোঔট্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি কোট পরিধান করে আছো ?

উত্তর No, I am not wearing a coat.
নোঔ্, আই্ অ্যাম্ নট্ ওয়্যারিং আ কোঔট্।

উত্তরের সাবলীল বাংলা না, আমি কোট পরিধান করা অবস্থায় নেই।

Read Loudly

01. He is not wearing a panjabi. (সে পাঞ্জাবি পরিহিত না।)
02. They are wearing t-shirts. (তারা ঠী-শার্ট পরে আছে।)
03. We are wearing black shirts. (আমরা কালো শার্ট পরে আছে।)
04. They are wearing uniform. (তারা ইউনিফর্ম পড়ে আছে।)
05. The man is wearing a jacket. (লোকটি একটা জ্যাকেট পরা।)

২৪. **প্রশ্ন**

DO	YOU	WEAR	A	COAT ?
ডু	ইউ	ওয়্যার্	আ	খোঔট্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি কোট পরিধান কর ?

উত্তর

Yes,	I	wear	a	coat.
ইয়েস্,	আই	ওয়্যার্	আ	খোঔট্।

(= হ্যাঁ, আমি কোট পরিধান করি।)

২৫. **প্রশ্ন**

WHAT	CLOTHES	ARE	YOU	WEARING ?
হোয়াট্	ক্লোঔদ্স্	আর্	ইউ	ওয়্যারিং ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি কাপড় পরিধান করে আছো ?

উত্তর

I	am	wearing	shoes,	socks,	a	suit,	etc.
আই	অ্যাম্	ওয়্যারিং	শুড্য্,	সক্স্	আ	স্যুট্	ই.টি.সি

উত্তরের সাবলীল বাংলা আমি জুতা, মোজা, স্যুট্ ইত্যাদি পরিধান করে আছি।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন

01. It is a class.
02. She is his mother.
03. It is their problem.
04. It is his left leg.
05. She is putting salt in the soup. (= সে লবণ দিচ্ছে স্যুপে।)
06. He is putting pressure on Roton. (= সে চাপ দিচ্ছে রতনের উপর।)
07. He is opening a shop next year. (= সে একটা দোকান খুলতে যাচ্ছে সামনের বছর।)
08. She is closing his business next month. (= সে তার ব্যবসা বন্ধ করতে যাচ্ছে সামনের মাসে।)
09. They are opening a showroom next week. (= তারা একটা শোরুম খুলতে যাচ্ছে সামনের সপ্তাহে।)
10. He is cleaning with a broom (ব্রুম্ = শলা-ঝাড়ু).

" Never give up = কখনোও হাল ছেড়ে দিয়ো না । "

WITH (উয়িথ্) - সাথে বা দিয়ে ; MOUTH (মাউ্থ্) - মুখ; MOUTHS (মাউ্থ্স্) - মুখগুলো।

এই নতুন শেখা শব্দ দিয়ে চলো বাক্য বানানো practice করা যাক:

২৬. **প্রশ্ন** WHAT AM I DOING ?
হোয়াট্ অ্যাম্ আই ডূইং ?



বাংলা আমি কি করছি ?

উত্তর You are touching your nose with your finger.
ইউ্ আর্ ঠাচিং ইওর্ নোঔয্ উই্থ্ ইওর্ ফিংগার্।

বাংলা তুমি তোমার আঙ্গুল দিয়ে তোমার নাক স্পর্শ করছো।

২৭. **প্রশ্ন** DO WE SPEAK WITH OUR MOUTHS ?
ডূ উঈ্ স্পীক্ উই্থ্ আওয়ার্ মাউ্থ্স্ ?

বাংলা আমরা কি আমাদের মুখ দিয়ে কথা বলি ?

উত্তর Yes, we speak with our mouths.
ইয়েস্, উঈ্ স্পীক্ উই্থ্ আওয়ার্ মাউ্থ্স্।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, আমরা মুখ দিয়ে কথা বলি।

২৮. **প্রশ্ন** DO WE READ WITH OUR EYES ?
ডূ উঈ্ রীড্ উই্থ্ আওয়ার্ আইয্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমরা কি চোখ দিয়ে পড়ি?

উত্তর Yes, we read with our eyes.
ইয়েস্, উঈ্ রীড্ উই্থ্ আওয়ার্ আইয্।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, আমরা চোখ দিয়ে পড়ি।

প্রতিটা ইংলিশ বাক্য দেখে দেখে একবার করে লিখো।

HALF (হাফ্) - অর্ধেক

২৯. **প্রশ্ন** Two is a half of four. (= দুই হলো চার এর অর্ধেক।)
টু ইয্ আ হাফ্ অফ্ ফোর্

উত্তর Six is a half of twelve. (= ছয় হলো বারো এর অর্ধেক।)
সিক্স্ ইয্ আ হাফ্ অফ্ টুয়েল্ভ্।

৩০. **প্রশ্ন** HOW MUCH IS A HALF OF HUNDRED ?
হাউ্ মাচ্ ইয্ আ হাফ্ অফ্ হান্ড্রেড্ ?

প্রশ্নের সাবলীল বাংলা একশো এর অর্ধেক হলো কত?

উত্তর Fifty is a half of hundred. (= পঞ্চাশ হচ্ছে একশো এর অর্ধেক।)
ফিফ্টি ইয্ আ হাফ্ অফ্ হানড্রেড্।

৩১. **প্রশ** HOW MUCH IS A HALF OF THIRTEEN ? (= তেরো এর অর্ধেক কত?)
হাউ্ মাচ্ ইয্ আ হাফ্ অফ্ থার্টিন্ ?

উত্তর Six and a half is a half of thirteen.
সিক্স্ এন্ড আ হাফ্ ইয্ আ হাফ অফ্ থার্টিন্

বাংলা সাড়ে ছয় হচ্ছে তেরো এর অর্ধেক।

৩২. **প্রশ্ন** ARE HALF OF THESE CHAIRS GREEN ? (= এই চেয়ারগুলোর অর্ধেক কি সবুজ?)
আর্ হাফ্ অফ্ দীয্ চেয়ার্স্ গ্রীন্ ?

উত্তর

No, half of these chairs are not green, but these are all brown.
নোঊ্, হাফ্ অফ্ দীয্ চেয়ার্স্ আর্ নট্ গ্রীন্ বাট্ দিয্ আর্ অল্ ব্রাউন্।

বাংলা না, চেয়ারগুলো অর্ধেক সবুজ না, বরং এগুলো সবই হলো বাদামী।

একই ধরনের আরো বাক্য

1. 4 is a half of 8.
2. 3 is a half of 6.
3. 9 is a half of 18.

4. Half of these people ← are poor.
5. Half of these apples ← are rotten.
6. Half of these chairs ← are ← black.
7. Half of these tables ← are ← white.

Exam-এর জন্য

apples (আপেলগুলো), *people* (লোকেরা), *chairs* ইত্যাদির *half*-ও হলো অনেক আপেল, অনেক *people*। তাই, *are* হলো।

নতুন শব্দ শিখি : TELL (ঠেল্) - বলা

৩৩. **প্রশ্ন** TELL ME YOUR NAME, PLEASE ! (= দয়া করে আপনার নাম বলুন।)
ঠেল্ মি ইওর্ নেইম্ প্লীজ্ !

উত্তর My name is Kamrul. (মাই্ নেইম্ ইয্ কামরুল = আমার নাম কামরুল।)

৩৪. **প্রশ্ন** WHAT IS HE DOING ? **উত্তর** He is telling you his name
হোয়াট্ ইয্ হী ডূইং ? হী ইয্ ঠেলিং ইউ্ হিয্ নেইম্।

বাংলা সে কী করছে ? **সাবলীল বাংলা** সে তোমাকে তার নাম বলছে।
(হোয়াট্স্ হী ডূইং)

Read Loudly

1. Tell me the name of your village.
2. Tell me the name of his brother.
3. He is telling me a story.
4. We are telling them our names.
5. They are telling me their names.

৩৫. **প্রশ্ন** **TEACHER**: tell me the name of the capital of Russia, Rana !
ঠীচার্ ঠেল্ দা নেইম্ অফ্ দা খ্যাপিটাল্ রাশা, রানা !

শিক্ষক আমাকে রাশিয়ার রাজধানীর নাম বলো।

Rana Moscow is the capital of Russia. (= মস্কো রাশিয়ার রাজধানী।)
মস্কো ইয্ দা খ্যাপিটাল অফ্ রাশা

৩৬. **টিচার** TIPU, what is Rana doing ? (= টিপু, রানা কী করছে ?)
টিপু, হোয়াঠ্ ইয্ রানা ডূইং ?

Tipu Sir, Rana is telling you the name of the capital of Russia.
স্যার, রানা ইয্ ঠেলিং ইউ্ দা নেইম্ অফ্ দা খ্যাপিটাল্ অফ্ রাশা
(স্যার, রানা আপনাকে রাশিয়ার রাজধানীর নাম বলছে।)

মনে মনে না পড়ে, জোরে জোরে পড়ো !

1. Tell her the name of the capital of England.
2. Tell him the name of the capital of Nepal.
3. Tell us the name of a city in America.

PREFER (প্রিফার্) *xyz* = *xyz*-কে বেশি পছন্দ করা; **TEA** (ঠি) = চা; **COFFEE** = কফি

৩৭. **প্রশ্ন** WHICH DO YOU PREFER, THE BOOK OR MOBILE ?
হুইচ্ ডূ ইউ্ প্রিফার্ দা বুক্ অর্ মোবাই্ল্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কোন্‌টি বেশি পছন্দ কর, বই নাকি মোবাইল ?

উত্তর I prefer book. (আই্ প্রিফার্ বুক্ = আমি বেশি পছন্দ করি বই।)

৩৮. **প্রশ্ন** WHICH DO YOU PREFER, TEA OR COFFEE ?
হুইচ্ ডূ ইউ্ প্রিফার্ , ঠী অর্ খফি ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কোনটি বেশি পছন্দ কর, চা নাকি কফি?

উত্তর I prefer tea. (আই্ প্রিফার্ ঠি = আমি বেশি পছন্দ করি চা।)

৩৯. **প্রশ্ন** WHICH DOES HE PREFER, TEA OR COFFEE ?
হুইচ্ ডায্ হী প্রিফার্ ঠী অর্ খফি ?

প্রশ্নের সাবলীল বাংলা সে কোনটি বেশি পছন্দ করে, চা নাকি কফি ?

উত্তর He prefers tea. (= সে চা বেশি পছন্দ করে।)

৪০. **প্রশ্ন** DO THE ENGLISH GENERALLY PREFER COFFEE ?
ডূ দা ইংলিশ্ জেনরেলি প্রিফার্ খফি ?

বাংলা ইংরেজরা কি সাধারণত কফি বেশি পছন্দ করে ?

উত্তর No, the English do not generally prefer coffee,
নোও্, দা ইংলিশ্ ডূ নট্ জেন্‌রেলি প্রিফার্ খফি,
but they generally prefer tea.
বাট্ দেই্ জেন্‌রেলি প্রিফার্ ঠী

বাংলা না, ইংরেজরা কফি বেশি পছন্দ করে না, কিন্তু তারা সাধারণত চা বেশি পছন্দ করে।

দেখে দেখে একবার করে লিখো

1. The Aussies do not generally prefer tennis, but they generally prefer cricket.
2. The Indians do not generally prefer bread, but they generally prefer rice.
3 The Japanese do not generally prefer beef, but they generally prefer soup.
4. The students do not generally prefer exam, but they generally prefer vacation.
5. People do not generally prefer Nokia, but they generally prefer Samsung.

নতুন শব্দ দিয়ে বাক্য বানানো যাক

RUSSIAN - রাশান; **GREEK** - গ্রীক

এই নতুন শেখা শব্দ দিয়ে চলো বাক্য বানানো practice করা যাক:

৪১. **প্রশ্ন**

ARE	YOU	[RUSSIAN]	OR	[GREEK]	?
আর্	ইউ্	(রাশান)	অর্	(গ্রীক)	?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি রাশিয়ান নাকি গ্রীক ?

উত্তর

No, I	am	neither	[Russian]	nor	[Greek],	but	I	am	Bangladeshi.
নোঔ্, আই	অ্যাম্	নাই্দার্	(রাশান)	নর্	(গ্রীক)	বাট্	আই	অ্যাম্	বাংলাদেশি।

উত্তরের সাবলীল বাংলা না, আমি রাশিয়ানও না গ্রীকও না, কিন্তু আমি হলাম বাংলাদেশি।

৪২. **প্রশ্ন**

DO	YOU	SPEAK	[GREEK]	?
ডূ	ইউ্	স্পীক্	(গ্রীক)	?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি গ্রীক ভাষায় কথা বলো ?

উত্তর

No,	I	do	not	speak	[Greek],	but	I	speak ...
নোঔ্,	আই	ডূ	নট্	স্পীক্	(গ্রীক),	বাট্	আই	স্পীক্

উত্তরের সাবলীল বাংলা না, আমি গ্রীক ভাষায় কথা বলি না, বরং আমি কথা বলি .... ।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করো কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করো**

1. I eat bread with curry.
2. She makes baskets with plastic.
3. She kills insects with a stick.

4. I don’t speak Russian, but I speak Hindi.
5. I don’t speak Urdu, but I speak English.
6. I don’t speak Thai, but I speak German.
7. I don’t speak Malay, but I speak Arabic.

ইংলিশ শেখার বেলায়

ভালো ছাত্র, খারাপ ছাত্র

বলে কোনো কথা নেই !!

হ্যাঁ, গ্রামের একজন **নিরক্ষর কৃষক ভাই**

বা কারখানার একজন **শ্রমিক**

কিংবা **গার্মেন্টেসের** একজন কর্মী –

তারা প্রত্যেকেই কিন্তু একটা ভাষা

ইতিমধ্যেই খুব ভালোভাবে পারেন -

সেটা হলো বাংলা ভাষা।

তাহলে, আরেকটা ভাষা শিখার

যোগ্যতা, মেধা, বুদ্ধি

সবই তাদের আছে।

এখন দরকার শুধু সঠিক সিস্টেম,

এই বইয়ের সিস্টেম !!

এই ব্যাপারটা বলা হচ্ছে এই কারণে যে,

ট্রেডিশনাল সিস্টেমে ১৫ বছর ইংলিশ পড়েও

তুমি যত দুর্বলই রয়ে যাওনা কেনো,

তোমার হতাশার কোনো কারণ নেই !!

আর তুমি মাদ্রাসার ছাত্র হও,

আর গৃহবধূই হোন,

কিংবা ৬৯ বছরের নানু-দাদুই হোন,

সবার দ্বারাই ইংলিশ শেখা-বলা-লেখা সম্ভব।

শুধু এই বই পড়েই !

ক্লাস # 06 - B

BOTH (বোঔ্থ্) - উভয়; দুটোই

বাক্য বানানো practice করা যাক:

০১. **প্রশ্ন** **ARE BOTH MY HANDS ON THE TABLE ?**
আর্ বোঔ্থ্ মাই হ্যান্ডস্ অন্ দা ঠেই্ব্ল্ ?

সাবলীল বাংলা আমার উভয় হাত কি টেবিলের উপরে?

উত্তর Yes, both your hands are on the table.
ইয়েস্, বোঔ্থ্ ইওর্ হ্যান্ডস্ আর্ অন্ দা ঠেই্ব্ল্।

সাবলীল বাংলা হ্যাঁ, তোমার উভয় হাতই টেবিলের উপরে।

০২. **প্রশ্ন** **ARE BOTH THESE BOOKS OPEN ?** (= এই দুটো বই-ই কি খোলা ?)
আর্ বোঔ্থ্ দীয্ বুক্স্ ওঔ্পেন্ ?

উত্তর Yes, both these books are open.
ইয়েস, বোঔ্থ্ দীয্ বুক্স্ আর্ ওঔ্পেন্।

উত্তরের সাবলীল বাংলা হ্যাঁ, এই দুটো বই-ই খোলা।

০৩. **প্রশ্ন** **ARE BOTH OF US SITTING ?** (= আমরা দুজনেই কি বসে আছি ?)
আর্ বোঔ্থ্ অফ্ আস্ সিটিং ?

উত্তর Yes, both of us are sitting. (= হ্যাঁ, আমরা দুজনেই বসে আছি।)
ইয়েস্, বোঔ্থ্ অফ্ আস্ আর্ সিটিং।

01. Both the children are well.
02. Both the men are old.
03. Both the women are poor.
04. Both the students are sitting.
05. Both the birds are flying.
06. Both the babies are in the bed.
07. Both the cars are in the garage.
08. Both the boys are at school.
09. Both the mobiles are in the bag.

# 1 থেকে # 9 বাক্যে are-এর কর্তা বা subject হলো একজনের বেশি। যেমন: *Both the children, the men, women, cars, boys* ইত্যাদি।
এজন্য verb হলো are।

MEAN (মীন্) - মানে; অর্থ হওয়া।

০৪. **প্রশ্ন** What does the word “use” mean in Bangla ?
হোয়াট্ ডায্ দা ওয়ার্ড “ইউয্” মীন্ ইন্ বাংলা ?

প্রশ্নের সাবলীল বাংলা বাংলা ভাষাতে USE শব্দটার অর্থ কী ?

উত্তর The word “use” means “ব্যবহার” in Bangla.
দা ওয়ার্ড “ইউয্” মীন্য্ ব্যবহার ইন্ বাংলা।

বাংলা বাংলা ভাষায় USE শব্দটার অর্থ হচ্ছে ব্যবহার।

আমাদের
ভাষার নাম বাংলা,
‘বেংগলি’ নয়।
এটা একটা নাম।
ইংরেজিতে হবে Bangla!

০৫. **প্রশ্ন** What does the word “who” mean in Bangla ?
হোয়াট্ ডায্ দা ওয়ার্ড হু মীন্ ইন্ বাংলা ?

প্রশ্নের সাবলীল বাংলা WHO শব্দটার অর্থ কী হয় বাংলাতে ?

উত্তর The word “who” means “কে” in Bangla. (বাংলাতে who শব্দটার অর্থ হলো ‘কে’)
দা ওয়ার্ড হু মিন্য্ “কে” ইন্ বাংলা।

০৬. **প্রশ্ন** What does the word “which” mean in Bangla?
হোয়াট্ ডায্ দা ওয়ার্ড হুইচ্ মীন্ ইন্ বাংলা ?

প্রশ্নের সাবলীল বাংলা বাংলা ভাষাতে WHICH শব্দটার অর্থ কি ?

উত্তর The word “which” means “কোন্টি” in Bangla.
দা ওয়ার্ড which মীন্য্ “কোন্টি” ইন্ বাংলা।

উত্তরের সাবলীল বাংলা বাংলা ভাষাতে which শব্দের অর্থ হলো “কোনটি”।

Kindly read the following sentences quickly

01. The word ‘problem’ means ‘সমস্যা’.
02. The word ‘happy’ means ‘সুখী’.
03. The word ‘clock’ means ‘ঘড়ি’.
04. The word ‘gloomy’ (গ্লুমি) means ‘মনমরা’.



চলো নতুন শব্দ শিখি

Language (ল্যাংগুয়েজ্)- ভাষা; **European** (ইউরোপিয়ান্) - ইউরোপীয়; **Asian** (এই্যিয়ান্)

Read LOUDLY

০৭. **প্রশ্ন** WHICH LANGUAGE ARE WE SPEAKING NOW ?
হুয়িচ্ ল্যাংগুয়েজ্ আর্ উঈ্ স্পীকিং নাউ্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমরা এখন কোন্ ভাষায় কথা বলছি?

উত্তর We are speaking English now. {***Present*** খন্ঠিনিউআস্ টেন্স্}
উঈ্ আর্ স্পীকিং ইংলিশ নাউ্।

উত্তরের সাবলীল বাংলা আমরা এখন ইংলিশে কথা বলিতেছি।

০৮. **প্রশ্ন** WHICH LANGUAGE DO YOU GENERALLY SPEAK ?
হুইচ্ ল্যাংগুয়েজ ডু ইউ্ জেন্রালি স্পীক্ ?

প্রশ্নের সাবলীল বাংলা কোন ভাষায় তুমি সাধারণত কথা বল ?

উত্তর I generally speak Bangla. {***Simple Present*** টেন্স}
আই্ জেন্রালি স্পীক্ বাংলা। (= আমি সাধারণত বাংলাতে কথা বলি।)

০৯. **প্রশ্ন** WHICH LANGUAGE DOES HE GENERALLY SPEAK ?
হুইচ্ ল্যাংগুয়েজ্ ডায্ হী জেন্রালি স্পীক্ ?

প্রশ্নের সাবলীল বাংলা সে সাধারণত কোন ভাষায় কথা বলে ?

উত্তর He generally speaks Bangla. (= সে সাধারণত বাংলাতে কথা বলে।)
হী জেন্রালি স্পীক্স্ বাংলা।

জোরে জোরে পড়ো

1. He generally goes to office at 8 am.
2. He generally cooks beef at Eid.
3. He generally washes clothes in the morning.
4. He generally speaks German.
5. We generally contact him at night.
6. We generally contact them on Monday.
7. They generally invite us on Friday.
8. I generally take tea in the morning.

এই বাক্যগুলোর অর্থ থেকেই

সহজেই বোঝা যায়,

এগুলো সচরাচর ঘটে

এমন ঘটনার কথা বলা হচ্ছে।

এগুলোকে গ্রামারবিদগণ বলেন

simple present টেন্স।

১০. **প্রশ্ন** IS CHINESE A EUROPEAN LANGUAGE ?
ইয্ চাইনীয্ আ ইউরোপিয়ান ল্যাংগুয়েজ্ ?

প্রশ্নের সাবলীল বাংলা চাইনিয কি একটি ইউরোপিয়ান ভাষা?

উত্তর

No, Chinese is not a European language, but it is an Asian language
নোঔ্, চাইনীয্ ইয্ নট্ আ ইউরোপিয়ান ল্যাংগুয়েজ্, বাট্ ইট্ ইয্ অ্যান্ এইযিয়ান্ ল্যাংগুয়েজ

উত্তরের সাবলীল বাংলা না, চাইনিয একটা ইউরোপীয় ভাষা নয়, কিন্তু এটি একটা এশিয়ান ভাষা।

চলো নতুন শব্দ শিখি

ONLY (অন্লি) - মাত্র

এই নতুন শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:

১১. **প্রশ্ন** WHAT IS THE NEGATIVE OF " I HAVE " ?
হোয়াট্ ইয্ দা নেগেটিভ্ অফ্ “I HAVE ”?

প্রশ্নের সাবলীল বাংলা “I HAVE”-এর না-বোধক অর্থ কি?

উত্তর The negative of "I have" is "I do not have".
দা নেগেটিভ্ অফ্ “I have” ইয্ “I do not have”

উত্তরের সাবলীল বাংলা I have-এর না-বোধক বাক্য হচ্ছে “I DO NOT HAVE’.

১২. **প্রশ্ন** WHAT IS THE CONTRACTION OF " I DO NOT HAVE "?
হোয়াট্ ইয্ দা খন্ট্র্যাক্শন্ অফ্ I DO NOT HAVE ?

প্রশ্নের সাবলীল বাংলা I DO NOT HAVE-এর সংক্ষিপ্ত রূপ কি?

উত্তর The contraction of "I do not have" is "I don’t have".
দা খন্ট্র্যাক্শন্ অফ্ I do not have ইয্ I don’t have.

উত্তরের সাবলীল বাংলা I DO NOT HAVE-এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে - I don’t have।

১৩. **প্রশ্ন** DO I HAVE FOUR ARMS ?
ডু আই্ হ্যাভ্ ফোর্ আর্মস্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমার কি চারটা বাহু আছে ?

DO NOT-এর সংক্ষিপ্ত রূপ

① **I DO NOT HAVE → I DON'T HAVE**
আই্ ডু নট্ হ্যাভ্ আই্ ডোন্ট্ হ্যাভ্
আমার নাই আমার নাই

② **YOU DO NOT HAVE → YOU DON'T HAVE**
ইউ্ ডু নট্ হ্যাভ্ ইউ্ ডোন্ট্ হ্যাভ্
তোমার নাই তোমার নাই

③ **HE DOES NOT HAVE → HE DOESN'T HAVE**
হী ডায্ নট্ হ্যাভ্ হী ডায্ন্ট্ হ্যাভ্
তার নাই তার নাই

④ **SHE DOES NOT HAVE → SHE DOESN'T HAVE**
সী ডায্ নট্ হ্যাভ্ সী ডায্ন্ট্ হ্যাভ্
তার নাই তার নাই

⑤ **IT DOES NOT HAVE → IT DOESN'T HAVE**
ইট্ ডায্ নট্ হ্যাভ্ ইট্ ডায্ন্ট্ হ্যাভ্
এটির নাই এটির নাই

> *He, she, it* বুঝায় একজনকে । তাই *does* হলো।
> *We, they* বুঝায় অনেককে । তাই *do* হলো।

⑥ **WE DO NOT HAVE → WE DON'T HAVE**
উঈ্ ডু নট্ হ্যাভ্ উঈ্ ডোন্ট্ হ্যাভ্
আমাদের নাই আমাদের নাই

⑦ **YOU DO NOT HAVE → YOU DON'T HAVE**
উঈ্ ডু নট্ হ্যাভ্ ইউ্ ডোন্ট্ হ্যাভ্
তোমাদের নাই তোমাদের নাই

⑧ **THEY DO NOT HAVE → THEY DON'T HAVE**
দেই্ ডু নট্ হ্যাভ্ দেই্ ডোন্ট্ হ্যাভ্
তাদের নাই তাদের নাই

১৪. **প্রশ্ন** DO I HAVE FOUR ARMS ?
ডূ আই হ্যাভ্ ফোর্ আর্মস্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমার কি চারটা বাহু আছে ?

উত্তর No, you do not have four arms, but you have only two arms.
নোঔ, ইউ ডূ নট্ হ্যাভ্ ফোর্ আর্মস্ , বাট্ ইউ্ হ্যাভ্ অন্লি টূ আর্মস্।

উত্তরের সাবলীল বাংলা না, তোমার চারটি বাহু নেই কিন্তু তোমার মাত্র দুইটি বাহু আছে।

১৫. **প্রশ্ন** DO YOU HAVE TWO HEADS ?
ডূ ইউ্ হ্যাভ্ টূ হেড্স্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তোমার কি দুটো মাথা আছে ?

বাক্যগুলো **সহজ** মনে হলেও
জোরে জোরে
বলার **অভ্যাস করুন**।

উত্তর

No, I do not have two heads, but I have only one head
নোঔ, আই ডূ নট্ হ্যাভ্ টূ হেড্স্, বাট্ আই্ হ্যাভ্ অন্লি্ ওয়ান্ হেড্।

উত্তরের সাবলীল বাংলা না, আমার দুটো মাথা নাই, কিন্তু আমার মত্র একটা মাথা আছে।

১৬. **প্রশ্ন** DOES HE HAVE ONLY ONE HAND ?
ডায্ হী হ্যাভ্ অন্লি ওয়ান্ হ্যান্ড্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তার কি একটি মাত্র হাত আছে?

উত্তর No, he does not have only one hand, but he has two hands

উত্তরের সাবলীল বাংলা না, তার একটি মাত্র হাত নেই, কিন্তু তার দুটো হাত আছে।

১৭. **প্রশ্ন** DOES HE HAVE TWO NOSES ?
ডায্ হী হ্যাভ্ টূ নৌযেস্ ?

প্রশ্নের সাবলীল বাংলা তার কি দুটো নাক আছে ?

উত্তর

No, he does not have two noses, but he has only one nose
নোঔ, হী ডায্ নট্ হ্যাভ্ টূ নৌযেস্, বাট হী হ্যায্ অন্লি ওয়ান্ নৌয্।

উত্তরের সাবলীল বাংলা না, তার দুটো নাক নেই, কিন্তু তাহার একমাত্র একটা নাক আছে।

১৮. **প্রশ্ন** DO WE HAVE ONLY ONE MOUTH ?
ডূ উঈ্ হ্যাভ্ অন্লি ওয়ান্ মাউ্থ্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমাদের কি একটি মাত্র মুখ আছে ?

উত্তর

No, we do not have only one mouth, but we have two mouths
নোঔ্, উঈ্ ডূ নট্ হ্যাভ্ অন্লি ওয়ান্ মাউ্থ্, বাট্ উঈ্ হ্যাভ্ ঠূ মাউ্থ্স্।

উত্তরের সাবলীল বাংলা না, আমাদের একটি মাত্র মুখ নেই, কিন্তু আমাদের (দুজনের মোট) দুটো মুখ আছে।

মেসে বা **হোস্টেলে বন্ধুকে** নিয়ে এই বই **practice** করার **উপায়:**

দুই বন্ধু **দুইটি** বই নিয়ে সামনা-সামনি বসো।

লেসন ওয়ান থেকে শুরু করে প্রতিটা page-এ ডায়ালগ আকারে এবং
প্রশ্নোত্তরের মাধ্যমে যেই বাক্যগুলো দেয়া আছে,
সেগুলো বই দেখে দেখেই **জোরে জোরে** পড়ো।

এর ফলে শুরু থেকেই শুদ্ধ
ইংরেজিতে কথা বলার অভ্যাস হবে।

১৯. **প্রশ্ন** DO THEY HAVE EIGHT EARS ?
ডূ দেই্ হ্যাভ্ এইট্ য়েআর্স্ ?

এই প্রশ্নটি করা হচ্ছে
দুই জনের দিকে
ইংগিত করে

প্রশ্নের সাবলীল বাংলা তাদের কি আটটা কান আছে?

উত্তর

No, they do not have eight ears, but they have only four ears
নোঔ্, দেই্ ডূ নট্ হ্যাভ্ এইট্ য়েআর্স্ বাট্ দেই্ হ্যাভ্ অন্লি ফোর্ য়েয়ার্স।

উত্তরের সাবলীল বাংলা না, তাদের আটটা কান নেই, কিন্তু তাদের মাত্র চারটা কান আছে।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করো

01. The negative of 'you have' is 'you don't have'.
02. The negative of 'they have' is 'they don't have'.
03. The negative of 'we have' is 'we don't have'.
04. The negative of 'he has' is 'he has not'.
05. The negative of 'she has' is 'she has not'.
06. The negative of 'Hasan has' is 'Hasan has not'.
07. The negative of 'the man has' is 'the man has not'.

এই **is**-এর কর্তা বা subject হলো **negative**

He হলো একজন, তাই **does** ও **has** হলো

08. He does not have two houses, but he has one house.
09. She does not have four cars, but she has one car.
10. They do not have one child, but they have two children.

They -এর verb হলো **do**
She -এর verb হলো **does**

11. She does not have ten pens, but she has two pens.
12. I don't have one pencil, but I have many pencils.
13. We don't have 3 boxes, but we have many boxes?
14. He does not have 8 legs, but he has 3 legs.
15. She does not have one brother, but she has 3 brothers.
16. Mamun does not have one toy, but he has many toys.
17. Tishad does not read one book, but he reads many books.
18. Sakib does not want one ball, but he wants many balls.
19. Ruma does not buy one toy, but she buys many toys.
20. Fahad does not play tennis, but he plays cricket.

যতোটা ভাবছো
তুমি আসলে
তার চেয়ে অনেক বেশি শিখছো !!

হ্যাঁ, এই বইয়ের প্রশ্ন-উত্তরগুলো

বার বার জোরে পড়ার ফলে,

বলার ফলে, লেখার ফলে এবং রিভিশন দেয়ার ফলে

তোমার অবচেতন মনে

অনেক বেশি ইংলিশ

চিরকালের জন্য ঢুকে যাচ্ছে।

যেমন: *What do we generally write with* –

পড়ার দ্বারা এই বাক্যে **auxiliary verb**,

simple present tense,

appropriate preposition '**with**',

আবার adverb generally

প্রভৃতির অনেক কিছুই

একবারে শেখা হয়ে যাচ্ছে !

ক্লাস # 07 - A

ANYBODY (য়েনিবড়ি্) - কেউ; **WHO** (হু) - কে; **SOMEBODY** (সাম্বড়ি্) - কেউ

০১. **প্রশ্ন** Is there anybody in this room ?
ইয্ দেয়ার্ য়েনিবড়ি্ ইন্ দিস্ রুম্ ?

প্রশ্নের সাবলীল বাংলা এই ঘরের মধ্যে কি কেউ আছে?

Read Loudly

উত্তর Yes, there is somebody in this room. (হ্যাঁ, এই ঘরে কেউ আছে।)
ইয়েস্, দেয়ার্ ইয্ সাম্বড়ি্ ইন্ দিস্ রুম।

০২. **প্রশ্ন** Is there anybody speaking to you ? (কেউ কি তোমার সাথে কথা বলছে ?)
ইয্ দেয়ার্ য়েনিবড়ি্ স্পীকিং ঠু ইউ্ ?

উত্তর Yes, there is somebody speaking to me.
ইয়েস্, দেয়ার্ ইয্ সাম্বড়ি্ স্পীকিং ঠু মি।

বাংলা হ্যাঁ, কেউ একজন আমার সাথে কথা বলছে।

০৩. **প্রশ্ন** Is there anybody sitting on that chair ?
ইয্ দেয়ার্ য়েনিবড়ি্ সিটিং অন্ দ্যাট্ চেয়ার্ ?

সাবলীল বাংলা ঐ চেয়ারে কি কেউ বসে আছে ?

উত্তর Yes, there is somebody sitting on that chair.
ইয়েস্, দেয়ার্ ইয্ সাম্বড়ি্ সিটিং অন্ দ্যাট্ চেয়ার্.

সাবলীল বাংলা হ্যাঁ, ঐ চেয়ারে কেউ বসে আছে।

ইংলিশ বাক্যগুলো তাড়াতাড়ি একটার পর একটা পড়ে যাও – লিখেও ফেলো !

Read Loudly !

01. There is not anybody sitting in this room.
02. There is not anybody cooking in this kitchen.
03. There is not anybody teaching in this class.
04. There is not anybody reading in that house.
05. There is not anybody reading book in this room.
06. There is nobody sitting there in that room.
07. There is nobody speaking to him.
08. There is nobody speaking to her.

এই বইটা হলো তোমার প্রাইভেট টিউটর তোমার স্যার !

০৪. **প্রশ্ন** **WHAT DO THE WORDS "ANYBODY" AND "SOMEBODY" MEAN?**
হোয়াট্ ডু দা ওয়ার্ড্স্ "ANYBODY" এন্ড "SOMEBODY" মীন্ ?

বাংলা Anybody এবং somebody শব্দগুলোর অর্থ কী ?

উত্তর The words "anybody" and "somebody" mean someone.
দা ওয়ার্ড্স্ anybody অ্যান্ড্ somebody মীন্ সাম্ওয়ান্

বাংলা ANYBODY এবং SOMEBODY শব্দগুলোর অর্থ হচ্ছে "কেউ"।

০৫. **প্রশ্ন** **What's the difference between "anybody" and "somebody" ?**
হোয়াট্'স্ দা ডিফ্রেন্স্ বিট্উইন্ "anybody" এন্ড্ "somebody" ?

বাংলা **ANYBODY এবং SOMEBODY-এর মধ্যে পার্থক্য কি ?**

উত্তর

০৬. Ⓐ The difference between "anybody" and "somebody" is that
দা ডিফ্রেন্স্ বিট্উইন্ "ANYBODY" অ্যান্ড্ "SOMEBODY" ইয্ দ্যাট্

Ⓑ we **use** "anybody" in interrogative and negative sentences,
উঈ্ ইউ্য্ ANYBODY ইন্ ইন্টারোগেটিভ্ অ্যান্ড্ নেগেটিভ্ সেন্টেন্সেস্,

Ⓒ but we use "somebody" in positive sentences.
বাট্ উঈ্ ইউ্য্ সাম্বডি ইন্ পযিটিভ্ সেন্টেন্সেস্।

A + B + C মিলে একটা বড় বাক্য !

বাংলা অর্থ

ANYBODY এবং SOMEBODY এর মধ্যে পার্থক্য এই যে, আমরা ANYBODY ব্যবহার করি প্রশ্নবোধক এবং না-বোধক বাক্যের ক্ষেত্রে, কিন্তু SOMEBODY ব্যবহার করি হ্যাঁ-বোধক বাক্যের ক্ষেত্রে।

একই ধরনের বাক্য practice করা যাক

